With the initiative of Hon'ble Chief Minister

# Mamata Banerjee

## SHISHU KISHORE AKADEMI

**Department of Information & Cultural Affairs**
**Government of West Bengal**

KICFF 2026

# 12th Kolkata International Children's Film Festival

**23rd - 29th January 2026**







With the initiative of Hon'ble Chief Minister
Mamata Banerjee
SHISHU KISHORE AKADEMI
Department of Information & Cultural Affairs
Government of West Bengal
KICFF
2026
12th
Kolkata
International
Children's
Film Festival
23rd - 29th
January 2026

A Kolkata International Children's Film Festival Publication

January 23, 2026

Published on the occasion of:

12th Kolkata International Children's Film Festival Publication
By Mandakranta Mahalanabis, Secretary, Shishu Kishore Akademi
& Convenor, 11th Kolkata International Children's Film Festival
Uttirno (1st floor) 1A, Reformatory Street, Alipore, Kolkata 700 027
Phone: 033-2223-6210 Email: skakademi@gmail.com

Printed By

Sree Maa Enterprise
35, Baidyanath Dutta Sarani, Baltikuri, Howrah-711 113

Editors Dipanwita Roy, Subhendu Dasmunshi

Editorial Coordination

Sunandita Dasgupta, WBICS & JD, I&CA, Kushal Chakraborty, WBICS & JDI, I&CA

Sharbani Banerjee, Publication Manager, SKA

Editorial Assistance

Dola Chowdhury, Suvadip Dutta, Rounak Ray, Zeba Munshi, Soumyadeep Bhattacharyya

Proof Correction Sankalpa Sengupta

Designing Rajendra Ash

# Committee and Sub-Committees of the 12th Kolkata International Children's Film Festival, 2026

## Festival Patron

*Shri Indranil Sen*, Hon'ble Minister, Information & Cultural Affairs, Tourism Department and Technical Education, Training and Skill Development Department, Government of West Bengal

## 1. Executive Committee

*Santanu Basu*, IAS, Chairman, Kolkata International Children's Film Festival & Principal Secretary, Deptt. of I&CA

*Arpita Ghosh*, Director, Kolkata International Children's Film Festival & Chairperson, SKA

*Kausik Basak*, IAS, Spl. Commissioner & E.O. Director of Culture Deptt. of I&CA.

*Sharmistha Bandyopadhyay*, WBCS (Exe.), C.E.O. Nandan & E.O. Addl. Secretary, Deptt. of I&CA

*Prasadranjan Ray*

*Raju S.V. Raman*

*Sajal Dutta*

*Nirmal Dhar*

*Aveek Majumder*

*Mriganka Banerjee*

*Subhendu Dasmunshi*

*Rupak Chattaraj*

*Parthajit Gangopadhyay*

*Debesh Chattopadhyay*

*Shiladitya Sen*

*Dipanwita Roy*

*Avijit Goswami*

*John Haldar*

*Samrat Mukhopadhyay*

*Mandakranta Mahalanabis*, WBICS, JDC Convenor, KICFF & Secretary, SKA

## 2. Management & Liaison

*Arpita Ghosh,* Chairperson, SKA

*Kaustav Tarafdar*, WBICS, Director (Co-ordination)

*Basudev Ghose*, WBICS, (Retd.), OSD Addl. DC, Deptt. of I&CA

*Suprina Blon*, WBICS, Addl. Director, Film, Deptt. of I&CA

*Pradip Kumar Sarkar*, WBICS, JDI, Deptt. of I&CA

*Tapan Tarafdar*, WBICS, JDC, Deptt. of I&CA

*Kushal Chakraborty*, WBICS, JDI, Deptt. of I&CA

*Lipika Banerjee*, WBICS, J.D., Deptt. of I&CA

*Devasis Dutta*, WBICS, D.D. Deptt. of I&CA

*Mitendra Chetri*, WBICS, D.D. Deptt. of I&CA

*Sanjay Chakraborty*, WBICS, D.D. Deptt. of I&CA

*Joyashish Ghosh*, WBA & AS A.O. Nandan

*Santanu Chakraborty,* WBICS, JDI, Deptt. of I&CA

*Giridhari Saha*, WBICS, DDC, Deptt. of I&CA

*Rana Debdas*, WBICS, ADI, Deptt. of I&CA

Saswati Saha, WBICS, DD, Deptt. of I&CA

Saibal Bandyopadhyay, Protocol Officer

*Biswanath Khan*, SDICO, Bidhannagar

*Santanu Das*, Exe. Eng. I&CA Dept.

*Hiranmoy Mondal*, AE(E), & M.S.

*Arindam Mukhopadhyay*, SKA

*Rajat Kayal*, Nandan

*Anirban Ghosh*, SKA

*Mandakranta Mahalanabis*, WBICS,
JDC Convenor, KICFF & Secretary, SKA

### 3. Publication & Printing

*Arpita Ghosh*, Chairperson, SKA

*Prasadranjan Ray*

*Subhendu Dasmunshi*

*Aveek Majumder*

*Shiladitya Sen*

*Dipanwita Roy*

*Sunandita Dasgupta*, WBICS, JD,
Deptt. of I&CA

*Kushal Chakraborty*, WBICS, JDI,
Deptt. of I&CA

*Anirban Ghosh*, SKA

*Sujit Halder*, SKA

*Madhusudan Mondal*, SKA

*Rajendra Ash*, SKA

*Sankalpa Sengupta*, SKA

*Sharbani Bandyopadhyay*, Convenor, Publication Manager, SKA

### 4. Film Selection

*Arpita Ghosh*, Chairperson, SKA

*Nirmal Dhar*

*Raju S.V. Raman*

*Sajal Dutta*

*John Haldar*

*Avijit Goswami*

*Debesh Chattopadhyay*

*Samrat Mukhopadhyay*

*Papiya Chowdhury*

*Atanu Roy*

*Koushik Chowdhury*

*Surajit Roy*

### 5. Technical & Print Unit

*Rajarshi Moitra*, WBICS, DD

*Mitendra Chetri*, WBICS, DD

*Subir Basu*, T.A.

*Sudip Bhattacharya*, Nandan

*Surajit Roy*, SKA

*Koushik Chowdhury*, SKA

### 6. Press, Media Publicity

*Arpita Ghosh*, Chairperson, SKA

*Munmun Hore Sinha*, WBICS, JDI, Deptt. of I&CA

*Kushal Chakraborty*, WBICS, JDI, Deptt. of I&CA

*Goutam Chakraborty*, EOP. Deptt & I&CA

*Gorachand Chowdhury*, AO, FTCC

*Smarajit Pramanik*, RO, Deptt. of I&CA

*Mousumi Sengupta*, AIO, Deptt. of I&CA

### 7. Programme

*Arpita Ghosh*, Chairperson, SKA

*Nirmal Dhar*

*Sajal Dutta*

*Avijit Goswami*

*Arindam Mukhopadhyay*, SKA

*Anirban Ghosh*, SKA

*Surajit Roy*, SKA

*Koushik Chowdhury*, SKA

### 8. Exhibition

*Subhendu Dasmunshi*

*Sunandita Dasgupta*, WBICS, JDI, Deptt. of I&CA

*Koushik Nandi*, WBICS, JDI, Deptt. of I&CA

*Anirban Ghosh*, SKA

*Rajendra Ash*, SKA

*Madhusudan Mondal*, SKA

### 9. Hospitality

*Mriganka Banerjee*

*Debasish Halder*, WBICS (Retd.) OSD, Addl. DI, Deptt. of I&CA

*Basudev Ghose*, WBICS, (Retd.) OSD Addl. DC, Deptt. of I&CA

*Jagadish Chandra Roy*, WBICS, JDI, Deptt. of I&CA

*Surya Banerjee*, WBICS, Secy., WBSMA, Deptt. of I&CA

*Arunabha Mitra*, WBICS, DDI, Deptt. of I&CA

*Anup Gayan*, WBICS, DD, Deptt. of I&CA

*Saumen Khamrui*, E.O., RCP

*Mahuya Roy*, SKA

*Pratima Mistry*, SKA

### 10. Delegate Registration

*Saumen Khamrui*, E.O., RCP

*Narayan Sahoo*, RCP

# Message

# শুভেচ্ছাবার্তা




মমতা ব্যানার্জ্জী
ममता बनार्जी
ممتا بنرجی
Mamata Banerjee

মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ
मुख्यमंत्री, पश्चिम बंगाल
وزیراعلیٰ مغربی بنگال
CHIEF MINISTER, WEST BENGAL


২৭ ডিসেম্বর, ২০২৫

## শুভেচ্ছাবার্তা

**শিশু কিশোর আকাদেমি** আয়োজিত **দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব** কলকাতা মহানগরীর বুকে আগামী ২৩ - ২৯ জানুয়ারী, ২০২৬, অনুষ্ঠিত হতে চলেছে জেনে আনন্দিত হলাম।

প্রতিবারের মতো এবারও, দেশ-বিদেশের বিভিন্ন স্বাদের চলচ্চিত্র এই উৎসবে প্রদর্শিত হবে। এই আনন্দ-আয়োজন শিশু-কিশোর মনে প্রভূত উৎসাহ-উদ্দীপনার সঞ্চার করবে - এই আশা রাখি।

আসন্ন শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের সাফল্য কামনা করি এবং আমার সকল ছোট ছোট প্রিয় বন্ধুদের জানাই অকুণ্ঠ ভালোবাসা ও শুভেচ্ছা।

(মমতা ব্যানার্জ্জী)

**শ্রীমতি অর্পিতা ঘোষ**
সভানেত্রী, শিশু কিশোর আকাদেমি
'উত্তীর্ণ' (দ্বিতীয় তল)
১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর
কলকাতা - ৭০০ ০২৭


Nabanna, West Bengal Secretariat, Howrah - 711 102
West Bengal, India
Tel : + 91-33-22145555, + 91-33-22143101
Fax : + 91-33-22144046, + 91-33-22143528




**ইন্দ্রনীল সেন**

রাষ্ট্রমন্ত্রী

তথ্য ও সংস্কৃতি বিভাগ

পর্যটন বিভাগ (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)

এবং

কারিগরী শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন দপ্তর

(স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)

পশ্চিমবঙ্গ সরকার

**নবান্ন**

দশম তল, রুম নং ৯১২

৩২৫, শরৎ চ্যাটার্জী রোড, হাওড়া - ৭১১ ১০২

ফোন নং : ০৩৩-২২৫০-১০২৩/১০২৪

ফ্যাক্স নং : ০৩৩-২২১৪-৪৪২২

ই-মেল : mos.ica.wb@gmail.com

**নব মহাকরণ ভবন**

ব্লক - 'এ', চতুর্থ তল

১, কিরণ শঙ্কর রায় রোড, কোলকাতা - ৭০০ ০০১

ফোন নং : (০৩৩) ২২৬২ ৮৩৩০ / ৮৩৩১

ই-মেল : mostourismwb@gmail.com

**কারিগরী ভবন**

তৃতীয় তল, রুম নং ২২৩, প্লট নং বি/৭, অ্যাকশন এরিয়া ৩,

নিউটাউন, রাজারহাট, কোলকাতা - ৭০০ ১৬০

ফোন নং : (০৩৩) ২৩২৪ ৫৮৫৪

ফ্যাক্স : (০৩৩) ২৩২৪ ৫৮৫৩

ই-মেল : mostetsdwb@gmail.com


## শুভেচ্ছাবার্তা

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উৎসাহ ও অনুপ্রেরণায় পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত শিশু কিশোর আকাদেমির উদ্যোগে বিগত বছরগুলির মতো এবছরও আয়োজিত হতে চলেছে দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব। ২৩-২৯ জানুয়ারি নন্দন-রবীন্দ্রসদন চত্বর সহ মোট ৮ টি প্রেক্ষাগৃহে দেখানো হবে শিশু ও কিশোরদের উপযোগী দেশ বিদেশের নানা সিনেমা।

সিনেমা ছোটোদের চিন্তাভাবনার জগৎকে সমৃদ্ধ করে। সিনেমা দেখার মাধ্যমে ছোটোরা আনন্দ পাওয়ার পাশাপাশি দেশ বিদেশের মানুষ সম্পর্কে জানতে পারে। জানতে পারে মানুষের সমাজ, সংস্কৃতি, পরিবেশসহ নানা বিষয়ে যা তাদের সচেতন মানুষ হয়ে উঠতে সাহায্য করে।

এবারের শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের মূল ভাবনা 'গুপ্তধন ও অ্যাডভেঞ্চার। এক ঝাঁক বাংলা সিনেমা এবারের উৎসবের বিশেষ আকর্ষণ। ফেলুদা সৃষ্টির ষাট বছর পূর্তিতে 'ফেলুদা ৬০' একটি পৃথক বিভাগ হিসেবে এবারের উৎসবকে আরও আকর্ষণীয় করে তুলবে।

এছাড়াও কলকাতা এবং চন্দননগরে ছোটোদের মোবাইলে নির্মিত সিনেমার কর্মশালা থেকে নির্বাচিত সিনেমা এবারের উৎসবের অন্যতম আকর্ষণ। বিশ্বের ৩২ টি দেশের ১৮০ টি ছবি প্রদর্শিত হবে এবারের উৎসবে। সিনেমাকে কেন্দ্র করে ছোটোদের এই মিলনমেলায় আগত সবাইকে জানাই শুভেচ্ছা।

শিশু কিশোর আকাদেমির এই নিরলস প্রয়াসকে আমি অভিনন্দন জানাই এবং এই উৎসবের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

ইন্দ্রনীল সেন



**Indranil Sen**
**MINISTER OF STATE**
Department of Information and Cultural Affairs
Department of Tourism (Independent Charge)
and
Department of Technical Education, Training & Skill Development (Independent Charge)
Government of West Bengal

**NABANNA**
9th Floor, Room No. - 912
325, Sarat Chatterjee Road, Howrah - 711 102
Phone: 033-2250-1023 / 1024, Fax: 033-2214-4422
e-mail : mos.ica.wb@gmail.com

**New Secretariat Building**
Block - 'A', 3rd Floor
1, Kiran Sankar Roy Road, Kolkata - 700 001
Tel. : (033) 2262-8330 / 8331
email: mostourismwb@gmail.com

**Karigari Bhawan**
2nd Floor, Room No. 223, Plot No. B/7
Action Area - III, New Town, Rajarhat
Kolkata - 700 160
Tel. : (033) 2324 5854, Fax : (033) 2324 5853
email: mostetsdwb@gmail.com

# Message

A festival of international films not only celebrates cinema as an art form but also offers a unique opportunity to see the world through the eyes of others, exploring diverse cultures and values. In today's world, often marked by instability, films can serve as a powerful vehicle for spreading harmony and mutual understanding, especially among the youth.

We hope that the 12th Edition of the Kolkata International Children's Film Festival (KICFF) will continue to be a nurturing space for young minds—one that is not only entertaining but also educational and inspiring. Since its inception under the initiative of Hon'ble Chief Minister Mamata Banerjee, KICFF has blossomed into a meeting ground of cultures, a forum for dialogue, and a sanctuary for children. Each edition carries us further, weaving lasting connections across nations.

I extend my sincere appreciation to the Shishu Kishore Akademi for successfully organizing this festival over the years. I also warmly congratulate everyone associated with this 12th edition, which promises to present a rich and diverse cinematic experience.

From 23rd to 29th January 2026, the festival will showcase 180 films from 32 countries, a testament to its expanding global reach. Screenings will be held across eight venues, including the prestigious Nandan–Rabindra Sadan complex.

The theme of this year's KICFF, "Treasure Hunt," encourages young viewers to look beyond the ordinary. We hope these films will leave a lasting impact—sparking creativity, stimulating the imagination, and inspiring children to overcome challenges, much like the heroes of the stories they will see on screen.

I extend my best wishes for the resounding success of this grand festival.

**Indranil Sen**




শান্তনু বসু, আই.এ.এস.
প্রধান সচিব
তথ্য ও সংস্কৃতি বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
'নবান্ন', ১০ম তল
৩২৫, শরৎ চ্যাটার্জী রোড
পোস্ট : শিবপুর, জেলা : হাওড়া
পিন : ৭১১ ১০২
ফোন : (০৩৩) ২২১৪-৩৬১৪
ফ্যাক্স : (০৩৩) ২২৫৩-৫২০১

e-mail : secica@wb.gov.in

**Santanu Basu,** I.A.S.
PRINCIPAL SECRETARY
DEPTT. OF INFORMATION & CULTURAL AFFAIRS
GOVERNMENT OF WEST BENGAL
'Nabanna', 9th Floor
325, Sarat Chatterjee Road
P.O. : Shibpur, Dist. : Howrah
PIN : 711 102
Tele : (033) 2214-3614
Fax : (033) 2253-5201


## শুভেচ্ছাবার্তা

ছোটদের জন্য সিনেমা একটি বিশিষ্ট শিক্ষা মাধ্যম। সিনেমা দেখার আনন্দ নেওয়ার সঙ্গেই ছোটরা জানতে পারে দেশ বিদেশের মানুষ, প্রকৃতি এবং জীবনের উপযোগী নানা বিষয় সম্পর্কে যা তাদের সচেতন মানুষ হয়ে উঠতে সাহায্য করে।

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আন্তরিক উদ্যোগে তথ্য ও সংস্কৃতি বিভাগের শিশু কিশোর আকাদেমির আয়োজনে প্রতি বছর অনুষ্ঠিত হয় কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্রোৎসব। এ বছর উৎসবের দ্বাদশতম বর্ষ। ২৩-২৯ জানুয়ারি সাতদিনব্যাপী উৎসবে নন্দন- রবীন্দ্রসদন চত্বর সহ ৮ টি প্রেক্ষাগৃহে ৩২ টি দেশের ১৮০ টি সিনেমা প্রদর্শিত হবে। উৎসবের মূল ভাবনা 'গুপ্তধন ও অ্যাডভেঞ্চার'। প্রচলিত বিভাগগুলির সঙ্গে রয়েছে মোবাইলে নির্মিত ছোটদের ছবির বিভাগ, শতবর্ষ উদযাপন, ফেলুদা ৬০। প্রতিবারের মতো এবারেও থাকছে প্রদর্শনী। এগুলি নিঃসন্দেহে উৎসবকে আরও আকর্ষণীয় করে তুলবে। সিনেমাপ্রেমী ছোটদের বর্ণময় উপস্থিতিতে উৎসব প্রাঙ্গণ হয়ে উঠবে এক অনন্য মিলনমেলা যার মধ্য দিয়ে শিশু কিশোর চলচ্চিত্র জগতে সৃষ্টি হবে উৎসাহ ও উদ্দীপনা।

উৎসবে বিদেশী ছবি দিয়ে সাহায্য করার জন্য বিভিন্ন দূতাবাসকে বিশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি। দীর্ঘ ও অক্লান্ত পরিশ্রমের মধ্য দিয়ে এই উৎসবের রূপদানকারী শিশু কিশোর আকাদেমির প্রত্যেককে ধন্যবাদ জানাই এবং উৎসবের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

১৬/১/২৬

(শান্তনু বসু)
প্রধান সচিব
তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার
সভাপতি, দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব




শান্তনু বসু, আই.এ.এস.
প্রধান সচিব
তথ্য ও সংস্কৃতি বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
'নবান্ন', ১০ম তল
৩২৫, শরৎ চ্যাটার্জী রোড
পোস্ট : শিবপুর, জেলা : হাওড়া
পিন : ৭১১ ১০২
ফোন : (০৩৩) ২২১৪-৩৬১৪
ফ্যাক্স : (০৩৩) ২২৫৩-৫২০১

e-mail : secica@wb.gov.in

**Santanu Basu,** I.A.S.
PRINCIPAL SECRETARY
DEPTT. OF INFORMATION & CULTURAL AFFAIRS
GOVERNMENT OF WEST BENGAL
'Nabanna', 9th Floor
325, Sarat Chatterjee Road
P.O. : Shibpur, Dist. : Howrah
PIN : 711 102
Tele : (033) 2214-3614
Fax : (033) 2253-5201


## Message

If winter comes, the Kolkata Children's Film Festival cannot be far behind. A venture that started as a humble project to showcase good cinema for youngsters, has since the last few years evolved into a platform for global cultural exchange and a celebration of the immense power of human imagination.

As we enter into the 12th edition of the Kolkata International Children's Film Festival (KICFF), I am happy to extend my heartfelt greetings and best wishes for its success. This festival, which began its journey under the visionary leadership of Hon'ble Chief Minister Mamata Banerjee, has grown steadily over the years and has now become an essential highlight of the city's cultural calendar, eagerly awaited by children and parents alike.

This year's festival, scheduled to be held from 23rd to 29th January, 2026, once again brings to the table a rich spread of cinematic delicacies, offering audiences a feast of stories. A total of 180 films will be screened in different categories across eight venues, including the Nandan premises. Films from 32 countries are participating in this edition, infusing it with a distinct international flavour.

The chosen theme for this year's festival, "Treasure Hunt", bring back memories of childhood, sense of excitement and anticipation and a spirit of adventure, which, we hope, will offer an unforgettable experience to the viewers.

Shishu Kishore Akademi deserves much applause for its consistent success in organizing KICFF over the years. I deeply value the tireless efforts of everyone connected with the Akademi and all who have contributed to this endeavour. With such commitment, I am certain the festival will soar to new horizons in the years to come. Once again, I extend my best wishes to everyone involved in making this festival a grand success.


19/1/26.

(Santanu Basu)
Principal Secretary
Information and Cultural Affairs Department
&
Chairman, 12th Kolkata International Children's Film Festival



অর্পিতা ঘোষ | অধিকর্তা
কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব

কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসব ২০২৬-এর বিষয় গুপ্তধন। আমরা সব সময়ই চেষ্টা করি এই চলচ্চিত্র উৎসবের থিম হিসাবে এমন একটি বিষয়কে বেছে নিতে, যেটা ছোটোদের জন্য আকর্ষণীয় হয়ে উঠতে পারে। যাতে বিষয়ের টানে আমাদের খুদে দর্শকরা ভিড় জমায় উৎসব চত্বরে। সেইদিক দিয়ে গুপ্তধন নিঃসন্দেহে ছোটোদের কাছে, এমনকি বড়োদের জন্যও একটি খুবই আকর্ষণীয় বিষয়। শুধু আমাদের দেশে নয়, সারা পৃথিবী জুড়েই ছড়িয়ে আছে গুপ্তধন নিয়ে অজস্র লোককথা। লেখা হয়েছে গল্প-উপন্যাস। তৈরি হয়েছে অসংখ্য চলচ্চিত্র। তবে এ বছর এই বিষয়টিকেই থিম হিসাবে বেছে নেওয়ার পেছনে আরও দু-একটি গুরুত্বপূর্ণ কারণ আছে। ১৯৭৪ সালের ডিসেম্বর মাসে মুক্তি পেয়েছিল সত্যজিৎ রায় পরিচালিত ছবি 'সোনার কেল্লা'। হিসেব অনুযায়ী এই ছবির বয়স হল পঞ্চাশ বছর। 'সোনার কেল্লা'ও গুপ্তধন খোঁজার গল্প। তাই এই ছবিটি দিয়েই এবার আমাদের উৎসব শুরু হবে। এ ছাড়া 'সোনার কেল্লা' উপন্যাসেই আমাদের প্রথম পরিচয় হয় জটায়ুর সঙ্গে। সেই চরিত্রে অভিনয় করেছিলেন সন্তোষ দত্ত। তাঁরও এবার শতবর্ষ। এই ছবির মাধ্যমে আমরা তাঁর প্রতিও শ্রদ্ধা নিবেদন করছি। উদ্‌বোধনী অনুষ্ঠানের মঞ্চে উপস্থিত থাকবেন ছবির অভিনেতাদের অন্যতম সিদ্ধার্থ চট্টোপাধ্যায় ওরফে তোপসে। থাকবেন সত্যজিৎ-পুত্র পরিচালক সন্দীপ রায়ও। সাত দিনের এই চলচ্চিত্র উৎসবের সমাপ্তির দিনে দেখানো হবে সৌকর্য ঘোষালের ছবি 'পক্ষীরাজের ডিম'। এ ছাড়াও এবারের উৎসবে শহরের আটটি প্রেক্ষাগৃহে দেশি-বিদেশি মিলিয়ে মোট ১৮০টি ছবির প্রদর্শনীর ব্যবস্থা আছে। পৃথিবীর বিভিন্ন ভাষায় তৈরি গুপ্তধন সংক্রান্ত অনেকগুলি ছোটোদের ছবিই আছে এই তালিকায়। এ ছাড়াও প্রতিবছরের মতো একতারা মঞ্চে, খোলা আকাশের নীচে বসে দর্শকরা দেখতে পাবেন বেশ কয়েকটি ধ্রুপদি ছবিও। থাকছে ছোটোদের জন্য মোবাইলে ছবি তৈরির প্রতিযোগিতাও। উৎসব উপলক্ষ্যে সাহিত্যে এবং সিনেমায় গুপ্তধন বিষয়ক একটি চমৎকার প্রদর্শনীর আয়োজন করা হয়েছে গগনেন্দ্র শিল্পপ্রদর্শশালায়। এই উৎসবের বিশেষ অতিথি আমাদের ছোটো দর্শকরাই। গলায় কার্ড ঝুলিয়ে তারা আসবে ছবি দেখতে। তাদের জন্য উন্মুক্ত থাকবে সব ক-টি প্রেক্ষাগৃহ। সপ্তাহব্যাপী এই উৎসবে চত্বর মুখর হয়ে উঠবে তাদের আনন্দমেলায়। আর সেখান থেকেই আমরা সংগ্রহ করে নেব পরের বছর নতুন করে উৎসবের আয়োজন করার অনুপ্রেরণা।



# সম্পাদকীয়



দীপান্বিতা রায়



শুভেন্দু দাশমুন্সী

দেখতে দেখতে এগারো পার হয়ে বারো বছর হল এবার আমাদের সকলের প্রিয় কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের। আবার আনন্দে মেতে ওঠার পালা। আবার ছোটোদের জন্য অত্যন্ত খুশির ছ-টি দিন। শুধু ছোটোদেরই বা বলছি কেন? বড়োরাও তো মনের ভেতর যত্ন করে রাখা ছোটোবেলাতে ফিরে যান এই দিনগুলিতে। চারপাশে বাংলা ভাষা ও সংস্কৃতির ওপর যে ধরনের আক্রমণ নেমে আসছে, তা মনে রেখেই এবারে বিদেশি আর ভারতীয় ছবির সঙ্গে সঙ্গে বিশেষ গুরুত্ব দিয়ে উপস্থাপিত করা হবে ছোটোদের বাংলা ছবি। ছবির উৎসব শুরুই হবে সব বয়সের সব ছোটোদের জন্য সর্বকালের প্রিয় ছবি 'সোনার কেল্লা' দিয়ে। তার সঙ্গে এবারের থিম হল গুপ্তধনের অভিযান বিষয়ক ছবি। সেই থিম ছবির একগুচ্ছ চিত্রমালা তো থাকবেই, থাকবে প্রচুর দেশি-বিদেশি ছবির মেলা। এইবারের উৎসবের অনেক আগেই শিশু কিশোর আকাদেমির উদ্যোগে আয়োজিত হয়েছিল ছোটোদের জন্য সিনেমা বানাবার কর্মশালা। হাতেকলমে সিনেমা শেখাবার প্রদর্শনী গতবার যখন হয়েছিল, তখন থেকেই বহু অভিভাবক বলেছিলেন এই ধরনের কর্মশালা আয়োজন করে ছোটোদের হাতেকলমে ছবি বানাবার পাঠশালার বন্দোবস্ত করতে। শিশু কিশোর আকাদেমি সমস্ত বছর ভরেই ছোটোদের জন্য লেখা-আঁকা-নাচ-গান-বিজ্ঞানচর্চার নানা কর্মোদ্যোগে সারা বাংলার ছোটোদের সঙ্গেই থাকে। এবারে তৈরি করা হল ছবি। তাদের তৈরি ছবিও দেখানো হবে এই উৎসবে। আর এবারে যেহেতু বাংলা সংস্কৃতির তিন মহিরুহ তৃপ্তি মিত্র, সলিল চৌধুরি আর সন্তোষ দত্তর জন্মশতবর্ষ, তাই তাঁদের প্রতি শ্রদ্ধার্ঘ্য হিসেবে উপস্থাপিত হবে তাঁদের স্মৃতিধন্য তিনটি ছবি। আছে খেলাধুলাকে কেন্দ্র করে চিত্রমালাগুচ্ছ আর ফেলুদার একটি চমৎকার প্যাকেজে এবার সাজানো হবে ফেলুদা থিমের ছবিগুলি।

উৎসবের থিম গুপ্তধন বলে, সেই আঙ্গিকে গোটা উৎসব চত্বর সাজানো হবে। সেই ভাবনা থেকেই নির্মিত হয়েছে এবারের প্রদর্শনী। সেই প্রদর্শনীতে সত্যিকারের গুপ্তধন সন্ধানীদের কথা থাকবে, থাকবে গুপ্তধনের নানা বিশ্বজোড়া মিথের কথাও। আর অবশ্যই সেখানে থাকছে দেশি আর বিদেশি গুপ্তধনের সাহিত্য ও সিনেমার পরিচয়। প্রদর্শনীতে থাকবে নানা ধরনের গুপ্তধন বিষয়ক জিনিসপত্রের রেপ্লিকা! আর থাকবে একটি গুপ্তধনের নয়নশোভন ট্রেজার রুম। দেখাই যাক-না, কেমন হয় গুপ্তধনের সন্ধান!

সকলের জন্য এবারেও এইবারের উৎসবে এই বিশেষ তথ্যপঞ্জি যেমন মুদ্রিত হল, তেমনই প্রতিদিন প্রকাশিত হবে দৈনিক বুলেটিন 'বায়োস্কোপের বাক্স'। আমরা বড়োরা শুধু তত্ত্বাবধান করি এই মুদ্রণ প্রকাশনার। সমস্ত কাজে দীর্ঘদিন ধরে মেতে থাকে আমাদের একগুচ্ছ নবীন চলচ্চিত্র উৎসাহী তরুণ-তরুণী। বিশেষভাবে দোলা, শুভদীপ, সৌম্যদীপ, রৌনক আর জেবাকে এই ব্রোশিয়োরের সম্পাদকীয় দপ্তর থেকে বিশেষ শুভেচ্ছা আর ভালোবাসা।

সকলের উৎসাহে আর সাহচর্যে হইহই করে কাটুক এই ছ-টি দিন। আনন্দময় হোক এই উৎসবের দুপুর-বিকেল-সন্ধ্যাগুলি।

নমস্কারান্তে


With the initiative of Hon'ble Chief Minister
Mamata Banerjee
SHISHU KISHORE AKADEMI
Department of Information & Cultural Affairs
Government of West Bengal
KICFF
2026
12th
Kolkata
International
Children's
Film Festival
23rd - 29th
January 2026

# CONTENTS


| | |
|---|---|
| Inaugural Film | 16-18 |
| Closing Film | 19-21 |
| Treasure Hunt and Adventure Films | 22-37 |
| Feluda 60 | 38-47 |
| Centenary Celebration | 48-49 |
| Bengali Panorama | 50-57 |
| Indian Language Films | 58-64 |
| Sports Section Films | 65-69 |
| World Cinema | 70-130 |
| Short & Documentary Films | 131-144 |
| Ektara Muktamancha | 145-146 |
| Mobile Films Through Workshops | 147-151 |



# উদ্‌বোধনী ছবি

দীপান্বিতা রায়
লেখক

## সত্যজিতের সোনার ছবি

দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের উদ্‌বোধনী ছবি 'সোনার কেল্লা'। প্রতিবছরই উৎসবের উদ্‌বোধনের জন্য বেছে নেওয়া হয় সাম্প্রতিক সময়ে ছোটোদের জন্য তৈরি কোনও একটি ছবি। প্রধান অতিথি হিসাবে আসন অলংকৃত করে সেই ছবির খুদে অভিনেতা। কিন্তু এবার সেই প্রথার ব্যতিক্রম হয়েছে। সারা দেশের সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে আমাদের সিদ্ধান্ত ছিল, এবারের উৎসবে জোর দেওয়া হবে বাংলা ছবির ওপর। ২০২৬-এর উৎসবের বিষয় গুপ্তধন। তাই একদিকে বাংলা ছবি, অন্যদিকে গুপ্তধন এবং সত্যজিৎ রায়—এই ত্র্যহস্পর্শ যোগেই 'সোনার কেল্লা'কে বেছে নেওয়ার সিদ্ধান্ত।

ফেলুদার বয়স হল ষাট। 'সন্দেশ'-এর পাতায় ১৯৬৫-র ডিসেম্বর সংখ্যায় আত্মপ্রকাশ করে ফেলুদা। তার এক দশক পেরোনোর আগেই তাকে রুপোলি পর্দায় এনে ফেললেন লেখক স্বয়ং। ১৯৭৪-এর ২৭ ডিসেম্বর মুক্তি পেল 'সোনার কেল্লা'।


জাতিস্মরের গল্প। ছোটো ছেলে মুকুল বলে তার পূর্বজন্মের গল্প। সে নাকি থাকত সোনার কেল্লায়। প্যারাসাইকোলজিস্ট ড. হাজরা তাকে নিয়ে বেরোন সোনার কেল্লা খুঁজতে। কিন্তু মুকুলের কথায় গুপ্তধনের আঁচ পেয়ে তাদের পিছু নেয় দুজন দুষ্টু লোক। সে কথা জানতে পেরে মুকুলের বাবা প্রদোষচন্দ্র মিত্র ওরফে ফেলুদাকে অনুরোধ করেন ছেলেকে বিপদের হাত থেকে বাঁচাতে। ফেলুদা আর তোপসে রওনা দেয় রাজস্থানে। পথে তাদের সঙ্গে আলাপ হয় রহস্য-রোমাঞ্চ লেখক লালমোহন গাঙ্গুলি ওরফে জটায়ুর সঙ্গে। তারপর ক্রমশ ঘনিয়ে ওঠে ঘটনার ঘনঘটা।

'সোনার কেল্লা' উপন্যাস প্রকাশিত হয় ১৯৭১ সালে। তার তিন বছর পর তৈরি হচ্ছে ছবিটি। খুব স্বাভাবিকভাবেই ততদিনে অনেক পাঠকই উপন্যাসটি পড়ে ফেলেছে। তাই সিনেমা দেখার আগ্রহে যাতে কোনও ঘাটতি না পড়ে, সেজন্য পরিচালক ছবিটি তৈরি করেন একটু অন্যভাবে। উপন্যাসে আমরা দুষ্টু লোক কে, মুকুলকে কারা ধরে নিয়ে গেছে, সেটা জানতে পারি একদম শেষে। পাঠকের আগ্রহ ধরে রাখার জন্য এটা খুব জরুরি ছিল। কিন্তু ছবিতে কারা দুষ্টু লোক, সেটা পরিচালক শুরুর দিকেই বলে দেন। এবার মগজাস্ত্রের সাহায্যে ফেলুদা কীভাবে সেই দুষ্টু লোকদের দুষ্টুমি ধরে ফেলবে এবং তাদের জব্দ করবে, সেটাই হল আসলে দেখার। এখানেই আমরা ছবির পরিচালক হিসাবে সত্যজিৎ রায়ের অসাধারণ মুনশিয়ানার পরিচয় পাই।

'সোনার কেল্লা' উপন্যাস কিংবা ছবিতেই কিন্তু আমরা প্রথম জটায়ুকে পাই। তার আগে ফেলুদা আর তোপসে মিলে সমস্যার সমাধান করত। এবার তার সঙ্গে যুক্ত হলেন জটায়ু। ছোটোদের জন্য তৈরি ছবি। টানটান উত্তেজনা, আশঙ্কা সারাক্ষণ চলতে থাকলে তাদের স্নায়ুর ওপর চাপ পড়তে পারে। সেজন্যই জটায়ুর মতো একটি চরিত্রের প্রয়োজন ছিল। কিন্তু মজার ব্যাপার হচ্ছে জটায়ু কিন্তু ছবিতে শুধুমাত্র কমিক রিলিফ নন। তাঁর মধ্যে একটা সাহসী সত্তা আছে। তাঁকে কেউ অ্যাডভেঞ্চারে অংশ নিতে জোর করেনি। তিনি স্বেচ্ছায় এসেছেন এই রোমাঞ্চের স্বাদ নিতে। ঘাবড়ে গেলেও তিনি পালিয়ে যান না। আসলে ছবিতে ফেলুদা খানিকটা লার্জার দ্যান লাইফ চরিত্র। সে সাহসী, তীক্ষ্ণ বুদ্ধি তার। নিখুঁত বিশ্লেষণক্ষমতা। কিন্তু জটায়ু একেবারে সাধারণ বাঙালি। বাঙালি স্বভাবে ভীতু, কিন্তু সে অ্যাডভেঞ্চারপ্রিয়ও। এখানে জটায়ু চরিত্রটি এনে পরিচালক একদিকে যেমন ষোলোআনা বাঙালিয়ানা বজায় রেখেছেন, তেমনি আবার ছবিটিকে কিশোর উপযোগী এবং সম্পূর্ণ বাস্তবানুগ করে তুলেছেন। ফলে ফেলুদা তো বটেই, জটায়ুও এককথায় বাংলা ছবির আইকন হয়ে দাঁড়িয়েছেন। ফেলুদার ভূমিকায় সৌমিত্র চট্টোপাধ্যায় যেমন অসাধারণ, তেমনি জটায়ু চরিত্রে সন্তোষ দত্তও চিরকালীন। ছবি মুক্তির পঞ্চাশ বছর পরেও তাঁর সংলাপ মানুষের মুখেমুখে ফেরে।

**INAUGURAL**

**Film**





## Sonar Kella

India | 1974 | 136 Min

The story begins with Mukul, a young boy who vividly recalls memories of a past life, including a golden fortress and hidden treasures. His claims attract media attention and the interest of two conmen who plan to kidnap him for the treasure. Detective Feluda, along with his cousin Topshe, is hired to protect Mukul. Their investigations lead them on an adventurous journey to Rajasthan. Joined by writer Jatayu, whom they meet on a train, they navigate deserts, palaces, and danger. The film climaxes at the Sonar Kella (Golden Fortress).

গল্প শুরু হয় মুকুল নামের এক ছোটো ছেলেকে নিয়ে। মুকুল জাতিস্মর। সে তার পূর্বজন্মের স্মৃতি স্পষ্টভাবে মনে করতে পারে। সে বারবার বলে একটি সোনার কেল্লা এবং লুকোনো গুপ্তধনের কথা। তার এই কথা পত্রিকায় প্রকাশিত হয়। খবর প্রকাশ পাওয়ার পর দুই প্রতারক গুপ্তধনের লোভে মুকুলকে অপহরণ করে। গোয়েন্দা ফেলুদা, তার ভাই তোপসেকে মুকুলকে রক্ষার দায়িত্ব নিতে অনুরোধ করেন মুকুলের বাবা। পথে তাদের সঙ্গে আলাপ হয় লেখক জটায়ুর। তিনজনে মিলে মুকুলকে রক্ষা করার এবং সত্য উদ্ঘাটনের দায়িত্ব নেয়। এই অনুসন্ধান তাদের নিয়ে যায় রাজস্থানের এক রোমাঞ্চকর অভিযানে, সোনার কেল্লায়।







# সমাপ্তি ছবি

শুভেন্দু দাশমুন্সী
অধ্যাপক, প্রাবন্ধিক, চিত্রনাট্যকার

## ‘পক্ষীরাজের ডিম’ কল্পবিজ্ঞান আর রূপকথার মিশেল

এ এক আশ্চর্য ছবি। কী বলি একে? কল্পবিজ্ঞানের গল্প? নাকি রূপকথার কাহিনি? নাকি একটা আজব অভিযান? নাকি এটি ছোট্ট এক বন্ধু আর বন্ধুনির মিষ্টি বন্ধুত্বের সুমিষ্ট আখ্যান?

পক্ষীরাজের ডিম? পক্ষীরাজ তো আছে রূপকথায়! কিন্তু এই রূপকথার উপকরণটি পাওয়া যায় আকাশগঞ্জ গ্রামের এক আকাশ-মন্দিরে। সে মন্দিরের আরেক নাম নাকি ইউএফও মন্দির। কোন এক দূর আকাশ থেকে কিছু অপার্থিব প্রাণী নাকি সেখানে রেখে গেছে এক মহামূল্যবান পাথর। আচ্ছা, সেটা কি পাথর? নাকি সেটাই আসলে পক্ষীরাজের ডিম?

এ তো গেল একটা দিক। আরেকদিকে আছেন আকাশগঞ্জ হাই স্কুলের অঙ্কের আর বিজ্ঞানের মাস্টারমশাই বটব্যাল স্যার। তিনি ঠিক আর পাঁচজন টিচারের মতো পড়ান না বিজ্ঞানের পড়া। তাই তাঁকে সরানো হল স্কুল থেকেই। সেই বটব্যাল স্যারের বাবা আবার আলো নিয়ে কী সব আবিষ্কার করার মাঝপথেই দুষ্টু লোকেদের হাতে মারা গেলেন অপঘাতে। সবটাই যেন রহস্যজনক ব্যাপারস্যাপার! এই ইউএফও মন্দিরের কথা গ্রামের লোকজন পুরোনো গপ্পকথা বলে মনে করে। সেখানে এক বৃদ্ধ নাগরাজ কাউকেই ঘেঁষতে দেয় না মন্দিরের ধারেপাশে। সে-ও কি কিছু লুকোতে চায় সবার কাছ থেকে? তার আজগুবি পুরোনের কথা কেউ বিশ্বাস করতে না চাক, কিন্তু তাকে ভয় সকলেই পায়।

এই পরিস্থিতির মধ্যেই এই মন্দিরের সন্ধানে শহরের এক সাংবাদিকের সঙ্গে ওই গ্রামে হাজির এক বিদেশি প্রত্নতাত্ত্বিক। কী আবার নাম তার! মিস্টার ভিলেন! সার্থকনামা সে। সে আবার সেখানকার গ্রাম পঞ্চায়েতের লোকজনের সঙ্গে ষড় পাকায়, দর হাঁকায় আর ভেঙে ফেলতে চায় সেই মন্দির। তারও আসল লক্ষ্য মন্দিরের নীচে বহুদিন আগে উধাও-হয়ে-যাওয়া মহাজাগতিক এক দুষ্প্রাপ্য পাথরের টুকরো।

এই সকল অদ্ভুতুড়ে ব্যাপারস্যাপারের মধ্যেই আকাশগঞ্জ গ্রামে আছে অন্যরকম একটি বালক ঘোঁতন। তার বিজ্ঞান নিয়ে ভারী আগ্রহ হলে কী হবে, সে অঙ্কে শূন্য পায়। কিন্তু তারও ভারী ইচ্ছে, তার বাবার খাতায় দেখা উদ্ভট সব অঙ্ক আর ছবির মানে একদিন সে উদ্ধার করবে! তার ভারী পছন্দের বন্ধুনি পপিন্স, এখন থাকে কলকাতাতে, ঘোঁতনকে ফোনে ফোনে ভূগোল পড়িয়ে প্রায় লেটার মার্কস পাইয়ে দিয়েছে। ফলে তাদের কখনও ফোনে ফোনে, কখনও মনে মনে অপূর্ব এক বন্ধুত্বের গল্পও এই পক্ষীরাজের ডিম।

এখানে যে বিজ্ঞান সূত্র আসে, তা এমনভাবেই বলা হয় আর এমনভাবেই সে বিজ্ঞানের সূত্রাবলি গল্পে মিলে থাকে যে, তার থেকে মনে হয়, এমন কেন সত্যি হয় না আহা! সত্যি আমরা কি এমন কোনও যন্ত্র পেতে পারি বা বানাতে পারি, যা দিয়ে শুধু ছোটো জিনিসকে বড়ো করে দেখা যাবে না, মনের ভেতরের কথাটাও পড়ে ফেলা যাবে!

আরিব্বাস! বুঝতে পারছ, এবার কেন বলছিলাম, আমি এখনও ঠিক করতে পারিনি, ‘রেনবো জেলি’ ছবির দ্বিতীয় কিস্তি এই ‘পক্ষীরাজের ডিম’ কি কল্পবিজ্ঞানের গল্প, নাকি রূপকথার গল্প, নাকি আসলে দুই ছোট্ট বন্ধুর ভালোবাসার গল্প? এবারের চলচ্চিত্র উৎসবের শেষ দিন তোমরা দেখবে এই ছবি। আর কী ধরনের ছবি, তা ঠিক করতে না পারলেও, এটা নিশ্চিত জানি, ছবিটা তোমাদের ভালো লাগবেই লাগবে।

**Closing Film**



# DIRECTOR

*Soukarya Ghosal*



## Pokkhirajer Dim

India | 2025 | 130 Min

This film is the second story in the Ghoton and Poppins series. Ghoton, a student of Akashganj High School, is very interested in his studies, but he scores zero in mathematics. His friend, the brilliant student Poppins, tries to tutor him in geography via video calls, making him quite proficient in the subject, but Ghoton completely fails in mathematics. His school's math and science teacher, Mr. Batabyal, is also a peculiar man. Batabyal Sir is also searching for something while teaching at Akashganj High School. On the other hand, a foreign archaeologist, Mr. Villain, arrives at the hidden Akash Temple in Akashganj in search of a priceless artifact. 'The Pokkhirajer Dim' is a captivating tale with interesting story-elements.

ঘোঁতন আর পপিন্স গল্পমালার দ্বিতীয় ছবি ‘পক্ষীরাজের ডিম’। আকাশগঞ্জ হাই স্কুলের ছাত্র ঘোঁতনের বন্ধু, মেধাবী ছাত্রী পপিন্স ভিডিয়ো কলে পড়িয়ে পড়িয়ে তাকে ভূগোলে যতই চৌকশ করুক, অঙ্কে ঘোঁতন একেবারে ডাহা ফেল। তার স্কুলের অঙ্ক আর বিজ্ঞানের মাস্টারমশাই বটব্যাল স্যার এক অদ্ভুত মানুষ। তাঁর বাবাও ছিলেন বিজ্ঞান-পাগল। একটা দরকারি আবিষ্কার করতে গিয়ে তাঁর মৃত্যু হয় রহস্যজনকভাবে। এই বটব্যাল স্যারও খুঁজে চলেছেন কিছু। অন্যদিকে আকাশগঞ্জের লুকোনো আকাশ-মন্দিরে কী এক মহামূল্যবান জিনিসের গবেষণা করতে সেখানে হাজির হল এক বিদেশি প্রত্নতাত্ত্বিক মিস্টার ভিলেন। এক জমজমাট গল্প ‘পক্ষীরাজের ডিম’।






দীপান্বিতা রায়
লেখক

গুপ্তধন। শব্দটা শুনলেই মনের ভেতর কেমন যেন একটা শিরশিরে অনুভূতি জাগে। ধনসম্পদ তো অনেকভাবেই পাওয়া যায়। কিন্তু কোদাল দিয়ে মাটি খুঁড়তে গিয়ে হঠাৎ যদি ঠং করে শব্দ শোনা যায়, কিংবা কোনও ভগ্নপ্রায় বাড়ির চোরাকুঠুরিতে সন্ধান মেলে মোহরভরা বাক্সের কিংবা বহু বছর আগে ডুবে-যাওয়া জাহাজের খোলের ভেতর থেকে বেরিয়ে আসে পান্নার স্তূপ, তখন তার রোমাঞ্চই আলাদা। সত্যি-মিথ্যে না জেনেই তাই যুগে যুগে বহু মানুষ বেরিয়ে পড়েছে এই লুকোনো সম্পদ খুঁজে বার করার আকর্ষণে। আর এমন একটা রোমাঞ্চের আকর্ষণ তো যে-কোনও কল্পনাপ্রবণ, সংবেদনশীল মানুষের পক্ষে এড়িয়ে যাওয়া কঠিন। তাই গুপ্তধন বারে বারে জায়গা করে নিয়েছে সাহিত্যে, তৈরি হয়েছে অসংখ্য চলচ্চিত্র। কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের এবারের থিম গুপ্তধন। গুপ্তধন নিয়ে ছোটোদের আগ্রহ এবং কল্পনা সীমাহীন। সেই অনুভূতিগুলোকে আরও একটু উসকে দেওয়ার জন্যই বাছা হয়েছে দেশ-বিদেশের গুপ্তধন উদ্ধার নিয়ে তৈরি নানা ছবি। এর মধ্যে সত্যিই যাঁরা গুপ্তধনের সন্ধানে বেরিয়েছিলেন, সেরকম মানুষের গল্প যেমন আছে, তেমনি আবার লোককথায় কিংবা লেখকের কল্পনায় যেসব গুপ্তধনের সন্ধান আমরা পেয়েছি, তার গল্পও আমরা রেখেছি ছোটোদের জন্য। আরব্য উপন্যাস থেকে বেছে নেওয়া হয়েছে ‘আলিবাবা চল্লিশ চোর’ আর ‘আলাদীনের আশ্চর্য প্রদীপ’। আছে পৃথিবীবিখ্যাত ছবি ‘ট্রেজার আইল্যান্ড’। সত্যজিৎ রায়ের ছবি ‘সোনার কেল্লা’ এবার উদ্‌বোধনী ছবি। সে-ও এক গুপ্তধনের গল্প। এ ছাড়াও আছে ‘চাঁদের পাহাড়’, ‘আমাজন অভিযান’। বাদ যায়নি প্রোফেসর শঙ্কুর এল ডোরাডো অভিযানও। একেবারে সাম্প্রতিককালের গুপ্তধন নিয়ে সোনাদার অভিযানের তিনটি ছবিও এবারে উৎসবে দেখার সুযোগ পাবে ছোটোরা। এ ছাড়া গুপ্তধন নিয়ে ‘পাতালঘর’-এর মতো ধ্রুপদি ছবি ছাড়াও আছে কাকাবাবুর ‘মিশর রহস্য’ও। গুপ্তধনের গল্পেই এবার সেজে উঠেছে নন্দন চত্বর। রুপোলি পর্দায় দেখা চরিত্ররা সেখানে হাজির হয়েছে ছোটোদের সঙ্গে দেখা করার জন্য। গুপ্তধন যাতে হাতছাড়া না হয়ে যায়, সেজন্য রয়েছে এক চোখে কালো পর্দা-দেওয়া জলদস্যু কিংবা তরোয়াল হাতে দস্যু সর্দারও। গুপ্তধনের গল্প দিয়ে সাজানো হয়েছে প্রদর্শনী। আর শেষ পর্যন্ত ছবি দেখতে এসে হাতের মুঠিতে কিছু ধনসম্পদ নিয়ে যাতে ফিরতে পারে সবাই, সেই ব্যবস্থাও রেখেছি আমরা। সব মিলিয়ে এবার সপ্তাহভর গুপ্তধনের সন্ধানে জমজমাট উৎসব চত্বর।





# TREASURE HUNT AND ADVENTURE FILMS





Director



## Sayantan Ghosal

## Sonar Kellay Jawker Dhan

India | 2025 | 122 Min

Mukul, who had been the main protagonist in Sonar Kella, is now an elderly man, who gets entangled in the mystery of a treasure trove. His friends, who accompany him are Bimal, Kumar and psychiatrist Rubi Chattopadhyay. This entire mystery story develops on the backdrop of Sonar Kella, in Jaisalmer.

‘সোনার কেল্লা’র মুকুল এখন প্রৌঢ়। সে আবার জড়িয়ে পড়ে একটি গুপ্তধন সংক্রান্ত রহস্যে। এবার তার সঙ্গী বিমল, কুমার ও মনোরোগ বিশেষজ্ঞ রুবি চট্টোপাধ্যায়। জয়শলমিরে সোনার কেল্লার প্রেক্ষাপটেই গড়ে ওঠে রহস্যের গোলকধাঁধা। প্রাচীন রহস্য কি উদ্‌ঘাটিত হবে?





Director

# Dhrubo Banerjee



## Guptodhoner Sondhane

India | 2018 | 130 Min

Subarna Sen alias Sonada, an Oxford University professor, travels to India. Subarna and his companions Abir and Jhinuk visit the ancestral mansion only to find that Abir's uncle has left behind a series of clues for him to unearth the hidden treasure of the Mughal prince Shah Shuja, kept secured within the property. Will the history professor succeed in unravelling the clues?

সুবর্ণ সেন ওরফে সোনাদা। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। ভারতে ফেরেন তিনি। সুবর্ণ তাঁর সঙ্গী আবির ও ঝিনুককে নিয়ে আবিরের মামার বাড়ি দেখতে যান। সেখানে গিয়ে সোনাদা জানতে পারেন যে, সেই বাড়িতে মোগল যুবরাজ শাহ সুজার গুপ্তধন লুকোনো আছে তাঁদের জমিদারির ভেতরেই। আবির যাতে এই সম্পত্তি উদ্ধার করতে পারে, সেজন্য তার মামা একাধিক সূত্রও রেখে গেছেন। কিন্তু সোনাদা কি শেষ পর্যন্ত এই সূত্রের জট কাটিয়ে গুপ্তধনের সন্ধান পাবেন?





Director



# Dhrubo Banerjee

## Durgeshgorer Guptodhon

India | 2019 | 133 Min

Sona da with Abir and Jhinuk embark on his new adventure, a quest that will take them to the legendary Durgeshgor. During the journey they learn that the Debroy family, the erstwhile zamindars hold the key to a presumed treasure received from Krishna Chandra Roy after the battle of Plassey. But no one is sure where the treasure trove is. Against the vibrant backdrop of Durga Puja at the princely Debroy mansion, one after the other clues are revealed testing Sona da's wit and grit one more time.

সোনাদা, আবির এবং ঝিনুকের দ্বিতীয় অভিযান দুর্গেশগড়ে, যে দুর্গেশগড়কে ঘিরে আছে নানা গল্পকথা। পথে যেতে যেতে ওরা জানতে পারে যে, দেবরায় পরিবার পলাশির যুদ্ধের পর মহারাজা কৃষ্ণচন্দ্রর কাছ থেকে বিশাল ধনসম্পদ পেয়েছিল। সেটি কোনও গুপ্তস্থানে লুকিয়ে রাখা হয়েছে। কিন্তু কোথায় কেউ জানে না। সেই গুপ্তধনের খোঁজেই এবার সোনাদার অভিযান। দেবরায়দের রাজকীয় প্রাসাদে, দুর্গাপুজোর প্রেক্ষাপটে গল্প জমে ওঠে। সোনাদার শান-দেওয়া বুদ্ধি খুঁজে বার করে একের পর এক সূত্র। রহস্য-রোমাঞ্চ, মজা, দুষ্টু লোক—সব মিলিয়েই উপভোগ্য গল্প।





Director

# Dhrubo Banerjee



## Karnasubarner Guptodhon

India | 2022 | 128 Min

Invited for an occasion, the trio, Subarna Sen aka Sona Da, Abir and Jhinuk, discover an old riddle and follow a perilous trail to find the hidden treasure of King Shashanka. As they face resistance from an old foe and their lives are put in danger, the quest becomes a menacing hunt for power and wealth. As Sona Da tries to unlock every clue and crack the riddle, his mind constantly gets challenged and his loved ones face threats, the entire adventure hangs by a thread until he unearths one of the greatest treasures that Bengal has ever known.

একটি অনুষ্ঠানে যাওয়ার আমন্ত্রণ পেয়ে সুবর্ণ সেন ওরফে সোনাদা, আবিরলাল এবং ঝিনুক কর্ণসুবর্ণে যান। ঘটনাচক্রে তাঁরা সেখানে একটি পুরোনো ধাঁধা আবিষ্কার করেন এবং তার সূত্র ধরে রাজা শশাঙ্কর লুকোনো ধনসম্পত্তির সন্ধান পান। অন্যদিকে ভুজঙ্গ হাজরাও এই গুপ্তধনের খোঁজ শুরু করেন এবং সোনাদা ও তাঁর দলকে বিপদে ফেলার চেষ্টা করেন। গুপ্তধনের সন্ধান আসলে হয়ে দাঁড়ায় ক্ষমতা আর লোভের হাতছানি। সোনাদা একের পর এক জটিল ধাঁধা সমাধান করে প্রাচীন গুপ্তধনের সন্ধান পেয়ে যান। ভুজঙ্গ তাঁর কাছের মানুষদের ক্ষতি করার চেষ্টা করলেও সোনাদা শেষ পর্যন্ত বাংলার এক অমূল্য সম্পদ আবিষ্কার করেন।





Director



# Kamaleswar Mukherjee

## Chander Pahar

India | 2013 | 148 Min

Shankar leaves his familiar confines, taking a job far away in Uganda. But he wants adventure! He sets out to find a secret diamond mine. With him is the experienced explorer, Alvarez. A mysterious creature guards the hidden treasure! Suddenly, danger strikes and Shankar is alone in the jungle. He must fight wild animals, endure extreme weather and face that mysterious creature.

শংকর তার চেনাপরিচিত চৌহদ্দি ছেড়ে, চাকরি নিয়ে সুদূর উগান্ডায় যায়। সে ভালোবাসে অ্যাডভেঞ্চার! তাই বেরিয়ে পড়ে এক লুকোনো হিরের খনি খুঁজতে। তার সঙ্গে ছিল অভিজ্ঞ অভিযাত্রিক, আলভারেজ। তারা জানে সেই গুপ্তধনের পথে আছে এক বিপজ্জনক, রহস্যময় প্রাণী! তার আক্রমণে আলভারেজের মৃত্যু হলে জঙ্গলে শংকর একা হয়ে যায়। এবার তাকে একাই লড়তে হবে বন্যজন্তুদের সঙ্গে, চলতে হবে দুর্গম পথ, সহ্য করতে হবে চরম আবহাওয়া। শেষ পর্যন্ত শংকর কি পাবে সেই হিরের খনির সন্ধান?





Director

# Kamaleswar Mukherjee



## Amazon Obhijaan

India | 2017 | 140 Min

Young Shankar teams up with Anna Florian and her father. They enter the mysterious Amazon jungle on a hunt for the legendary city of gold, El Dorado! They have to fight with anaconda and escape dangerous traps before coming across people from indigenous communities, who help them find the ancient treasure.

আনা ফ্লোরিয়ান এবং তার বাবার সঙ্গে জুটি বাঁধে যুবক শংকর। তারা রহস্যময় আমাজনের জঙ্গলে প্রবেশ করে কিংবদন্তির সোনার শহর এল ডোরাডোর খোঁজে! তাদেরকে লড়তে হয় ভয়ংকর অ্যানাকোন্ডার সঙ্গে, পালাতে হয় বিপজ্জনক ফাঁদ এড়িয়ে। শেষ পর্যন্ত সেইখানকার আদিবাসী সম্প্রদায়ের সাহায্য নিয়ে সেই প্রাচীন গুপ্তধন খুঁজে বার করে তারা।





Director




## Sandip Ray


## Professor Shanku O El Dorado

India | 2019 | 90 Min

This is an adventure story of the fictional genius scientist and inventor Professor Shonku visiting the heart of the Amazon forests in search of the mythical city of El Dorado. One day, a typical Bengali gentleman Nakur Babu comes to meet him. He has supernatural powers of being able to read others' minds and see the future. Nakur Babu warns Shonku about his upcoming visit to Brazil for a science conference. Seeing his extrasensory powers, Shonku takes Nakur Babu along. The mystery that begins, ends in the fabled El Dorado deep inside Amazon.

আমাজনের জঙ্গলে, উপকথার শহর এল ডোরাডো অভিযান নিয়ে এই গল্প। বিজ্ঞানী এবং উদ্ভাবক অধ্যাপক শঙ্কু তাঁর নানারকম আবিষ্কারের জন্য বিখ্যাত। একদিন একজন বাঙালি ভদ্রলোক নকুড়চন্দ্র বিশ্বাস গিরিডিতে শঙ্কুর সঙ্গে দেখা করতে আসেন। নকুড়বাবু অলৌকিক ক্ষমতাবলে অন্যের মন পড়তে পারেন এবং ভবিষ্যৎ দেখতে পান। ইতিমধ্যে ব্রাজিলের সাও পাওলোতে একটি বিজ্ঞান সম্মেলনে যোগ দেবার আমন্ত্রণ আসে অধ্যাপক শঙ্কুর কাছে। নকুড়বাবু কিন্তু সাও পাওলোতে গেলে বিপদ হতে পারে বলে শঙ্কুকে সতর্ক করেন। নকুড়বাবুর অলৌকিক ক্ষমতা দেখে শঙ্কু নকুড়বাবুকে নিয়ে ব্রাজিলে যান। সেখানে উপকথার শহর এল ডোরাডোর সন্ধানে আমাজনের গভীর জঙ্গলে এক রহস্যে জড়িয়ে পড়েন প্রোফেসর শঙ্কু।





Director

# Srijit Mukherji



## Mishawr Rawhoshyo

India | 2013 | 148 Min

Al Mamun, an Egyptian business tycoon, asks his friend Kakababu to help him decode some hieroglyphic symbols that will help trace the will of his teacher, Mufti Mohammad. Kakababu leaves for Egypt with his nephew Santu. As they visit the pyramids they wonder what secrets are hidden in them and in the depths of the vast desert of Egypt. Is there any unknown danger lurking for Kakababu and Santu?

মিশরের ধনী ব্যবসায়ী আল মামুন তাঁর বন্ধু কাকাবাবুকে কিছু হায়ারোগ্লিফিক চিহ্নের পাঠোদ্ধার করতে অনুরোধ করেন। এই চিহ্নগুলির মধ্যে লুকিয়ে আছে আল মামুনের শিক্ষক মুফতি মোহাম্মদের শেষ ইচ্ছে। কাকাবাবু তাঁর ভাইপো সন্তুকে নিয়ে মিশরের উদ্দেশে রওনা দেন—মিশরের পিরামিড, দিগন্তবিস্তৃত মরুভূমির মধ্যে কোন রহস্য লুকিয়ে আছে, তার খোঁজে। কাকাবাবু ও সন্তুর জন্য কি কোনও অজানা বিপদ ওঁত পেতে আছে?





Director



# Richard Donner

## The Goonies

USA | 1985 | 114 Min

When greedy bullies try to snatch away their homes, a brave group of friends called "The Goonies" dives into a thrilling adventure! Guided by a mysterious old map, they hunt for a legendary pirate's hidden loot. To save their neighborhood, they must outrun crooks and escape booby traps. It is an ultimate quest for treasure!

একদল দুষ্টু লোক যখন তাদের ঘরবাড়ি কেড়ে নিতে চাইছিল, তখনই 'দ্য গুনিজ' নামের একঝাঁক সাহসী বন্ধু বেরিয়ে পড়ল দারুণ এক অভিযানে! তাদের হাতে আসে একটা পুরোনো মানচিত্র। সেটা দেখে তারা খুঁজে বার করার চেষ্টা করে এক কুখ্যাত জলদস্যুর লুকোনো ধনসম্পত্তি। কিন্তু নিজেদের পাড়া আর প্রতিবেশীদের বদমাইশদের হাত থেকে বাঁচাতে হলে তাদের ষড়যন্ত্রের জাল কেটে বেরোতে হবে, এড়িয়ে যেতে অদ্ভুত সব মরণফাঁদ। সব মিলিয়ে এটি এক দুর্ধর্ষ গুপ্তধন সন্ধানের গল্প!





Director

# Srijit Mukherji




## Kakababur Protyaborton

India | 2022 | 136 Min

Kakababu and Santu go on a trip to the great Masai Mara Game Reserve in Kenya, where they learn about missing tourists and a string of problems. But soon, they get sucked into the mystery surrounding two missing German tourists and a dangerous game of life and death ensues.

কাকাবাবু এবং সন্তু গিয়েছিলেন কেনিয়ার বিখ্যাত মাসাইমারা জঙ্গলে ঘুরতে। সেখানে গিয়ে তাঁরা জানতে পারেন যে, বেশ কয়েকজন পর্যটক নিখোঁজ হয়ে গেছে। কাকাবাবু এর সন্ধান করতে গিয়ে জঙ্গলের মধ্যে বিপজ্জনক রহস্যের মধ্যে জড়িয়ে পড়েন। কাকাবাবু ও সন্তু কি পারবেন এই রহস্যের জাল কেটে বেরিয়ে আসতে?





Director

## Srijit Mukherji




## Yeti Obhijaan

India | 2017 | 120 Min

When a mountain climber disappears, everyone blames the mysterious Yeti, lurking on Mount Everest! Kakababu and Santu journey to the snowy peaks. They must uncover the shocking truth behind the giant beast's legend, facing danger & cold, to expose a secret more surprising than a furry monster.

এক পর্বতারোহী উধাও হয়ে যেতে সবাই ধরে নেয়, এর পেছনে আছে রহস্যময় ইয়েতি! ইয়েতি লুকিয়ে থাকে এভারেস্ট পাহাড়ে! কাকাবাবু ও সন্তু যান বরফের চূড়ায় ইয়েতির সন্ধানে। আসলে এই লোমশ দানবের গল্পের পেছনে লুকিয়ে আছে এক ভয়ংকর সত্য। বরফের দেশে, কঠিন বিপদের মুখোমুখি হয়ে কাকাবাবু আর সন্তু সেই গোপন খবর সামনে আনেন।





Director

# Vinci Vogue Anzlovar



## Tartini's Key

Slovenia | 2024 | 118 Min

Mario, Robert, and Barbara are three teenagers, each from a different kind of family. They meet in the beautiful, small coastal town of Pirane. A mysterious SMS on Barbara's phone hides a puzzle—solving it could lead to a hidden treasure! They set off on an adventure, disguised as funny-looking robbers, and meet a violinist named Tartini. Now will they succeed in finding the secret treasure?

মারিও, রবার্ট, বারবারা তিন ভিন্ন পরিবার থেকে আসা কিশোর-কিশোরী। উপকূলবর্তী সুন্দর ছোটো শহর পিরানে তাদের আলাপ হয়। বারবারার ফোনে একটি রহস্যময় এসএমএস আসে, যার মধ্যে লুকিয়ে আছে একটি ধাঁধা। ধাঁধার সমাধান করতে পারলেই মিলবে এক লুকোনো রত্নভাণ্ডারের সন্ধান। মজাদার ডাকাতের ছদ্মবেশে অভিযানে বেরোয় তারা। যোগাযোগ হয় বেহালাবাদক টারটিনির সঙ্গে। শেষ পর্যন্ত গুপ্তধনের খোঁজ কি পাবে তারা?





Director



# James Bobin

## Dora and the Lost City of Gold

USA | 2019 | 102 Min

Dora might have swapped the jungle for a classroom, but adventure has a way of finding her! When her parents suddenly vanish, Dora leads her new crew of friends into the remote Peruvian forest. Their mission is to track down a legendary city of gold. Can they solve the ancient mysteries and outsmart the villains to save the day?

রোমাঞ্চপ্রিয় ডোরা জঙ্গল ছেড়ে স্কুলে ভরতি হলে কী হবে, রোমাঞ্চ তার পিছু ছাড়ে না। হঠাৎ ডোরার মা-বাবা নিখোঁজ হয়ে যাওয়ায়, সে তার নতুন বন্ধুদের নিয়ে পাড়ি জমায় পেরুর দুর্গম জঙ্গলে। উদ্দেশ্য হচ্ছে, সেই হারানো সোনার শহর খুঁজে বের করা। তারা কি পারবে প্রাচীন সব ধাঁধার জট খুলে দুষ্টু লোকগুলোকে জব্দ করতে?





Director

# Abhijit Chowdhury



## Patalghar

India | 2003 | 141 Min

A scientist in old Bengal invents a special machine. This machine can calm a dangerous alien who is now dormant. He hides it in his secret lab called Patalghar. One hundred and fifty years later, his diary is found. It starts a big search for the lost machine. A doctor, a young boy, and some criminals-all want to find it.The alien has also woken up. Everyone meets at the secret lab. They must decide what to do with the powerful machine. Will they use it for good or for evil?

প্রাচীনকালে বাংলার একজন বিজ্ঞানী একটি অপূর্ব যন্ত্র আবিষ্কার করেন, যেটি যে-কাউকে ঘুম পাড়িয়ে দিতে পারে! যেমন ঘুম পাড়িয়ে রেখেছে ভিন গ্রহ থেকে নির্বাসিত ব্যক্তি ভিককে। বিজ্ঞানী সেই যন্ত্রটিকে লুকিয়ে রাখলেন তাঁর গোপন পরীক্ষাগারে, যার নাম 'পাতালঘর'। প্রায় দেড়শো বছর পর সেই বিজ্ঞানীর একটি ডায়েরি খুঁজে পাওয়া গেল। সেই ডায়েরি থেকেই শুরু হল এক বিশাল অ্যাডভেঞ্চার! হারানো 'পাতালঘর' আর সেই যন্ত্রের অনুসন্ধানে নেমে পড়ল একজন ডাক্তার, এক বালক আর পাশাপাশি কিছু মন্দ লোক। কিন্তু সেই ভিকও ততদিনে ঘুম থেকে জেগে উঠেছে। শেষমেশ সবাই এসে পৌঁছোল সেই গোপন ঘরে। এখন তাদের হাতে সেই শক্তিশালী যন্ত্র। তারা কি সেটিকে মানুষের ভালোর জন্য ব্যবহার করতে পারবে, নাকি পৃথিবীতে নেমে আসবে বিপদ?





# Feluda 60











শিলাদিত্য সেন
চলচ্চিত্র বিশেষজ্ঞ, বিশিষ্ট প্রাবন্ধিক

'বাবার যা পছন্দ, ফেলুদারও তা-ই পছন্দ। বাবার যা অপছন্দ, ফেলুদারও তা-ই অপছন্দ! বিশেষ করে আমার যেটা মনে হয়, একটা ইনটেগ্রিটি। মরাল স্ট্যান্ডার্ড—নীতিবোধ। একটা বাঙালিয়ানা, একটা বিশ্বাস। ফেলুদার মধ্যে একটা খুব স্ট্রং সেন্স অব মরালিটি আছে। এটা আমার খুব গুরুত্বপূর্ণ বলে মনে হয়।' বলেছেন সন্দীপ রায়।

এই গত ডিসেম্বরেই সত্যজিতের 'ফেলুদা' প্রথম প্রকাশের ষাট বছর পূর্ণ করল। ১৯৬১-তে কবি সুভাষ মুখোপাধ্যায়ের সঙ্গে যখন নতুন 'সন্দেশ' সম্পাদনা করতে শুরু করেন সত্যজিৎ, লেখালেখির কলমও তুলে নেন ছোটোদের জন্য। মগজাস্ত্র নিয়ে ১৯৬৫-র ডিসেম্বর সংখ্যায় আত্মপ্রকাশ ফেলুদার। ডিসেম্বরের পরবর্তী দুটি সংখ্যা (১৯৬৬-র জানুয়ারি ও ফেব্রুয়ারি), মোট তিনটি কিস্তিতে ফেলুদার প্রথম কাহিনি 'ফেলুদার গোয়েন্দাগিরি' শেষ করেন সত্যজিৎ রায়।

ফিল্মের খেরোর খাতা নয়, ছয়ের দশক থেকে ফি-বছর পার্ক স্ট্রিটের অক্সফোর্ড বুক কোম্পানি থেকে কেনা হার্ড কভারের 'খসড়া খাতা' ছিল সত্যজিতের ফেলুদা-রচনার আজীবন সঙ্গী। ১৯৬৫-র সে খাতাটিতে তৃতীয় পৃষ্ঠা থেকে শুরু হয়েছিল 'ফেলুদার গোয়েন্দাগিরি' লেখা।

আর তার পরের দশ বছর না ফুরোতেই গোয়েন্দা ফেলুদাকে রুপোলি পর্দায় এনে ফেললেন সত্যজিৎ রায়, ১৯৭৪-এর ২৭ ডিসেম্বর মুক্তি পেল 'সোনার কেল্লা'। ফেলুদার ভূমিকায় অভিনয় করলেন সৌমিত্র চট্টোপাধ্যায়, তাঁকে নিয়েই সত্যজিৎ তাঁর দ্বিতীয় ও শেষ যে ফেলুদা-ফিল্মটি করেন, সেটি মুক্তি পায় ১৯৭৯-র ৫ জানুয়ারি—'জয় বাবা ফেলুনাথ'।

তারপর দীর্ঘকাল কেটে গেল, সাতের দশক, আটের দশক পেরিয়ে নয়ের দশকের শুরুতে প্রয়াত হলেন সত্যজিৎ, নিয়মিত ফেলুদা-কাহিনি লিখে গেলেও ফিল্মে আর ফেরাননি তিনি ফেলুদাকে, তাঁর ছবি দুটি অসম্ভব জনপ্রিয় হওয়া সত্ত্বেও।

শুধু আটের দশকের দ্বিতীয় পর্বে অসুস্থতার কারণে ছবি তৈরি থেকে খানিক বিরত থাকার সময়ে তাঁরই তৈরি চিত্রনাট্য থেকে টেলিভিশনের জন্য হিন্দিতে ফেলুদাকে নিয়ে ছবি করলেন সন্দীপ রায় 'কিস্‌সা কাঠমান্ডু মে', ফেলুদা করলেন শশী কাপুর।

ফেলুদাকে ফিল্মে না পেয়ে ক্রমশ যখন বিমর্ষ ছোটোবড়ো সকলেই, উদ্যোগী হলেন সন্দীপ স্বয়ং। ঠিক তিরিশ বছর আগে ১৯৯৫-তে, ফেলুদা আবির্ভাবের তিরিশ বছর পূর্তি উপলক্ষ্যে বানিয়ে ফেললেন 'বাক্স রহস্য'।

নন্দনে সে ছবি চলল তো বটেই, ধুম লেগে গেল ফিল্মে ফেলুদাকে দেখার জন্যে... ফলে টেলিভিশনের জন্য একের পর এক তাকে নিয়ে ছবি বানিয়ে চললেন সন্দীপ—জাহাঙ্গীরের স্বর্ণমুদ্রা, অম্বর সেন অন্তর্ধান রহস্য, ডাঃ মুনসীর ডায়রি, বোসপুকুরে খুনখারাপি, ঘুরঘুটিয়ার ঘটনা, শেয়াল দেবতা রহস্য, যত কাণ্ড কাঠমাণ্ডুতে, গোঁসাইপুর সরগরম, গোলাপী মুক্তা রহস্য।

নতুন শতকে বড়ো পর্দায়ও ফেলুদাকে এনে ফেললেন সন্দীপ—বোম্বাইয়ের বোম্বেটে (২০০৩), কৈলাসে কেলেঙ্কারি (২০০৭), টিনটোরেটোর যীশু (২০০৮), গোরস্থানে সাবধান (২০১০), রয়েল বেঙ্গল রহস্য (২০১১), বাদশাহী আংটি (২০১৪), ডবল ফেলুদা (২০১৬), হত্যাপুরী (২০২২), নয়ন রহস্য (২০২৪)।

তিনটি ছবিতে ফেলুদার চরিত্রে আবীর চট্টোপাধ্যায়, ইন্দ্রনীল সেনগুপ্ত। আর বাকি সব ক-টি ছবিতেই ফেলুদা সব্যসাচী চক্রবর্তী এবং তিনি বিপুল জনপ্রিয় হলেন কমবয়সিদের কাছে। তাঁর উচ্চতা, চলাফেরা, কথা বলার ধরন, বাংলা-হিন্দি-ইংরেজি তিনটি ভাষায় দখল... তাঁকে পৌঁছে দিয়েছিল জনপ্রিয়তার শীর্ষে।

'মা-রও (বিজয়া রায়) খুব পছন্দ হয়েছিল বেণুকে (সব্যসাচী)।' বলছিলেন সন্দীপ রায়, আজও তিনি আগের মতোই সক্রিয় ফেলুদাকে নিয়ে ফিল্ম বানানোয়।

'বাবাই ছিলেন ফেলুদা। ফেলুদার অনেস্টি, ডেডিকেশন, বুদ্ধি, জ্ঞান, সবই তো বাবার মধ্যে দেখেছি।' বছর দশেক আগে স্রবন্তী বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে সাক্ষাৎকারে এ কথা বলতে বলতে সন্দীপ রায়ের অমোঘ মন্তব্য, 'যত সময় যাচ্ছে, ফেলুদা করতে গিয়ে মনে হচ্ছে, বাবাকে নতুন করে খুঁজে পাচ্ছি...'



## Joi Baba Felunath


India | 1979 | 112 min

Director: Satyajit Ray

Famous Detective Feluda and his cousin Topshe's holiday in Benares gets interrupted when a priceless statue of Ganesh gets stolen from a local household. Feluda suspects Maganlal Meghraj, a ruthless trader and criminal, which leads to Lalmohanbabu (Feluda's friend) turning into a knife-thrower's target. But an innocent artisan is brutally murdered; a shady 'holy man' holds court on the banks of the Ganges and an adventure-loving little boy ruku, brought up on crime thrillers, gets entangled into the happenings.

বিখ্যাত গোয়েন্দা ফেলু মিত্তির এবং তার তুতো ভাই তোপসের বেনারসের ছুটির মেজাজে ছেদ পড়ে, যখন তারা জানতে পারল, স্থানীয় এক গৃহস্থের বাড়ি থেকে অমূল্য একটি গণেশের মূর্তি খোয়া গেছে। কুখ্যাত অপরাধী এবং ব্যবসায়ী মগনলাল মেঘরাজকে সন্দেহ করে ফেলুদা, তার খেসারত দিতে হয় ফেলুদার সঙ্গী লালমোহনবাবুকে। তাঁকে মাঝখানে রেখে চারদিকে ছুরি তাক করে ভয় দেখানো হয়। ইতিমধ্যে অন্য এক শিল্পী খুন হয়ে যায়, আর এক সন্দেহভাজন ‘পুণ্যাত্মা’ গঙ্গার ধারে সভা বসায়। অ্যাডভেঞ্চারপ্রিয় ছোট্ট ছেলে রুকু ঘটনাপ্রবাহে জড়িয়ে পড়ে।





## Royal Bengal Rahasya

India | 2011 | 106 min

Director: Sandip Ray

In Royal Bengal Rahasya, Feluda, Topshe, and Jatayu visit the forest estate of noted hunter Mahitosh Singha Ray, where Feluda is challenged with a series of riddles. What begins as an intellectual game turns tense when a deadly tiger attack and a mysterious death shake the household. Feluda pieces together clues hidden in the wilderness and uncovers a shocking human plot beneath the shadow of the Royal Bengal tiger.

উত্তরবঙ্গের এক জমিদার মহীতোষ সিংহ রায় জঙ্গলের ভেতরে তাঁর বিশাল প্রাসাদে, সম্পত্তি নিয়ে এক রহস্যের কিনারা করতে ফেলুদাকে আমন্ত্রণ জানালেন। ফেলুদার সঙ্গে গেলেন তার চিরসঙ্গী তোপসে ও জটায়ু। কিন্তু হঠাৎই অপ্রত্যাশিতভাবে মৃত্যু হল সেই বাড়ির একজনের। এই মৃত্যু কি স্বাভাবিক? নাকি জঙ্গলে মানুষখেকো বাঘের পেটে গেছেন ওই ব্যক্তি? অথবা এ এক হত্যাকাণ্ড?



## Badshahi Angti

India | 2014 | 109 min

Director: Sandip Ray

Feluda and his cousin Topshe visit Lucknow with Topshe's father to spend the Puja vacation. They arrive at the house of Dhirendra Kumar Sanyal, a friend of Topshe's father. That evening local medic Dr. Shrivastav comes to Sanyal and tells him that a thief tried to steal his 'Ring of Aurangzeb' (The Emperor's Ring). After the incident Dr. Shrivastav has been afraid and asks Sanyal to keep the ring safe, to which he agrees. But the ring goes missing. Feluda and Topshe start investigating to get hold of the culprit. Feluda with his skill, intelligence and bravery, keeps the ring safe and captures the culprits.

ফেলুদা এবং তোপসে লখনউ বেড়াতে গিয়েছে তোপসের বাবার সঙ্গে। গিয়ে উঠেছে তোপসের বাবারই বন্ধু ধীরেন্দ্রকুমার সান্যালের বাড়ি। সেইদিনই সন্ধেয় ড. শ্রীবাস্তব আসেন ধীরেন্দ্রবাবুর বাড়িতে এবং জানান যে, আগের রাতে কোনও এক চোর তাঁর বাড়ি থেকে বাদশাহ ঔরঙ্গজেবের আংটি চুরি করতে এসেছিল। সান্যালবাবু সেই আংটিটি নিজের বাড়িতে রাখতে রাজি হন, কিন্তু তাঁর বাড়ি থেকেই ঘটনাক্রমে আংটিটি হারিয়ে যায়। রহস্য সমাধানে নামে ফেলুদা ও তার শাগরেদ তোপসে।

## Double Feluda

India | 2016 | 116 min

Director: Sandip Ray

The film marks the comeback of the popular Bengali sleuth Feluda with his assistant and cousin Topshe. To celebrate the 50th anniversary of publication of Feluda, two detective stories, 'Samaddarer Chabi' and 'Golokdham Rahasya', by the legendary writer filmmaker Satyajit Ray, have been adapted in one movie by the director. Here, Feluda uses his brilliant analytical brain to solve the mysteries and capture the culprits. The film is a fitting tribute to the creator of the much loved Feluda.

সবার প্রিয় ফেলুদা আবার ফিরে এল। সঙ্গে অবশ্যই তোপসে। ফেলুদার গল্পগুলি প্রকাশের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে তার স্রষ্টা সত্যজিৎ রায়ের দুটি গল্প 'সমাদ্দারের চাবি' ও 'গোলোকধাম রহস্য' অবলম্বনে এই ছবিটি তৈরি করেছেন পরিচালক। এখানে ফেলুদা তার অভ্যস্ত ভঙ্গিতে নিজের বিখ্যাত মগজাস্ত্র প্রয়োগ করে সব সমস্যার সমাধান করে।









## Tintorettor Jishu

India | 2008 | 100 min

Director: Sandip Ray

After years of living in Italy, Rudrasekhar suddenly returns to his ancestral home in Baikunthapur. Robin Chowdhury, a journalist, is also there writing Chandrasekhar's biography. Feluda happens to be visiting there. A priceless painting of Jesus by Italian Renaissance master Tintoretto is in the house. Mystery starts closing in on the artwork. With shady characters, chase to Hong Kong, it is a classic Feluda showdown. This film is packed with suspense throughout.

বহু বছর পর ইটালি থেকে হঠাৎই বৈকুণ্ঠপুরের বাড়িতে আসে রুদ্রশেখর। আরও এক ব্যক্তি, সাংবাদিক রবীন চৌধুরী লিখছেন চন্দ্রশেখরের জীবনকাহিনি। ঘটনাচক্রে ফেলুদা আসে এই বাড়িতে। ইটালির রেনেসাঁস যুগের শিল্পী টিনটোরেটোর আঁকা জিশুখ্রিস্টর এক দুর্মূল্য ছবি রয়েছে এই বাড়িতে। এই ছবিকে কেন্দ্র করে ঘনীভূত হয় রহস্য। রহস্যময় কিছু ব্যক্তি, হংকং-এর পটভূমিতে ফেলুদার ক্ষুরধার বুদ্ধির খেলা, সব মিলিয়ে রহস্য-রোমাঞ্চে ভরপুর এই ছবি।







## Bosepukure Khoonkharapi

India | 1996 | 121 min

Director: Sandip Ray

It's a story of Jamindar Kandarpanarayan and his three sons. Two of them are well established in their service life. The younger one, Indranarayan is a playwright. He works in Bharat Opera. A rival jatra team, Binapani Opera, wants to take him in their team, but fails. Suddenly he is killed by someone. Feluda, the private detective, is called for investigation. Will he be able to find the murderer?

জমিদার কন্দর্পনারায়ণের তিন সন্তানের মধ্যে দুজন তাদের কর্মজীবনে প্রতিষ্ঠিত। কনিষ্ঠ সন্তান ইন্দ্রনারায়ণ একজন নাট্যকর্মী। সে অভিনয় করে ভারতী অপেরাতে। অন্য একটি যাত্রাদল 'বীণাপাণি অপেরা' ইন্দ্রনারায়ণকে তাদের দলে নিতে চায়। কিন্তু বিভিন্ন কারণের জন্য তা সম্ভব হয়ে ওঠে না। ইতিমধ্যে হঠাৎই খুন হয়ে যায় ইন্দ্রনারায়ণ। পুলিশে খবর দেওয়ার পাশাপাশি তদন্তের ভার দেওয়া হয় 'প্রাইভেট ইনভেস্টিগেটর' ফেলুদাকেও।







## Sheyal Debota Rahasya

India | 1996 | 60 min

Director: Sandip Ray

Mr. Nilmani Sanyal has a craze for valuable curios. In fact, he has collected a lot of them at his residence. He shows Feluda some strange letters which he has received. Immediately after their meeting, a rare Egyptian statue is stolen from their house. Finally, Feluda unearths the mystery.

মি. নীলমণি সান্যালের দুর্লভ কিউরিয়ো সংগ্রহের নেশা আছে। নিজের বাড়িতেই রয়েছে তাঁর ব্যক্তিগত সংগ্রহশালা। মিশর থেকে কয়েকটি অদ্ভুত চিঠি তাঁর নামে এলে, তিনি ফেলুদার সঙ্গে যোগাযোগ করে ফেলুদাকে সেগুলো দেখান। সান্যাল আর ফেলুদার মিটিং-এর পরপরই সান্যালের বাড়ি থেকে একটা মিশরীয় মূর্তি চুরি যায়। ফেলুদা কি পারবে এই মিশরীয় মূর্তি উধাওয়ের রহস্য উদ্‌ঘাটন করতে?

## Joto Kando Kathmandute


India | 1996 | 124 min

Director: Sandip Ray

Feluda comes to learn from one Mr. Som about a Kathmandu-based spurious drug racket. Mysteriously, Mr. Som is murdered by some unknown assailants immediately after he meets Feluda. Feluda along with Topshe and Jatayu arrives at Kathmandu. The crime is detected and the racket crushed by Feluda and his team.

মি. সোমের কাছ থেকে ফেলুদা কাঠমাণ্ডুর একটি ড্রাগচক্রের কথা জানতে পারে। কিন্তু ফেলুদার সঙ্গে তাঁর কথাবার্তার কিছুদিন পরেই কেউ বা কারা মি. সোমকে খুন করে। ঘটনার তদন্তে ফেলুদা, তোপসে এবং লালমোহন কাঠমাণ্ডু পৌঁছোন। ড্রাগচক্রটিকে খুঁজে বের করা হয় এবং সেই চক্রের লোকজনকে গ্রেফতার করা হয়।























Bombaiyer Bombete
India | 2003 | 118 mins
Director: Sandip Ray

Famous mystery thriller novelist Jatayu's story 'Bombaiyer Bombete' will be adapted into a film by Pulak Ghoshal. Feluda finds himself facing a new mystery while going to watch the shooting of his friend's story, involving the disappearance of Nana Saheb's Naulakha necklace from Nepal. A mysterious man named Mr. Sanyal uses Jatayu to transport a parcel during his travel to Bombay. The plot gets more complex with various characters like that of producer Mr. Gore and martial art master Victor Perumal.

রহস্য-রোমাঞ্চ ঔপন্যাসিক জটায়ুর ‘বোম্বাইয়ের বোম্বেটে’ গল্প নিয়ে হিন্দি ছবি নির্মাণ করতে চলেছেন পুলক ঘোষাল। সেই শুটিং দেখতে গিয়েই রহস্যে জড়িয়ে পড়ে ফেলুদা। নেপাল থেকে চুরি গেছে নানাসাহেবের নওলাখা হার। রহস্যময় ব্যক্তি মিস্টার সান্যাল জটায়ুর হাত দিয়ে পার্সেল পাঠায় মুম্বইতে। আছেন ছবির প্রযোজক গোপীনাথ গোরে, মার্শাল আর্ট প্রশিক্ষক ভিক্টর পেরুমল। ঘটনা ও চরিত্রের ঘনঘটায় জমজমাট ছবি।

Ghurghutiyar Ghotona
India | 1998 | 46mins
Director: Sandip Ray

Feluda and Topshe are called to a dark, lonely mansion. A sick old man who lives there has a strange request. He needs them to solve a mysterious riddle that his pet parrot keeps repeating. Inside the creepy house, Feluda soon realizes that the people are more puzzling than the riddle. Why is the old man's son so afraid? Why does the house manager always stay apart from everyone? As Feluda gets closer to the truth, he understands he is in great danger. In this house of shadows and secrets, he must see through the lies before the mystery turns deadly.

ফেলুদা এবং তোপসেকে ডেকে পাঠানো হয়েছে একটি স্যাঁতসেঁতে অন্ধকার বাড়িতে। সেই বাড়িতে এক অসুস্থ বয়স্ক মানুষের বাস। ফেলুদাকে ডেকে তিনি একটা ধাঁধার সমাধান করতে বলেন। বুড়োর ঘরে থাকা পোষ্য টিয়া পাখিটা সব সময় একটি বুলি আওড়ায়। সেই বুলিতেই লুকিয়ে আছে ধাঁধার সূত্র। কিন্তু কয়েকদিন পর থেকেই ফেলুদার মনে হতে থাকে এই ধাঁধা যতটা না জটিল, এই বাড়ির মানুষগুলো তার থেকেও বেশি জটিল। বয়স্ক মানুষটির ছেলে এত ভয়ে ভয়ে থাকে কেন? বাড়ির ম্যানেজার সবার থেকে দূরত্ব বজায় রাখেন কেন? ফেলুদা যত রহস্যের জট একটু একটু করে খুলতে থাকে, ততই বুঝতে পারে যে, বিপদের জাল ক্রমশ তাকে ঘিরে ফেলছে।

## Ambar Sen Antardhan Rahasya

India | 1999 | 49 min

Director: Sandip Ray

Ambar Sen vanishes, just days after getting a scary letter. The great detective Feluda is on the case! Then, a mysterious call demands a huge ransom of 1 lakh. Can Feluda track down Ambar Sen in time? And who is this Harvard scholar called Ashwini Ghosh?

প্রাতর্ভ্রমণে বেরিয়ে জটায়ুর সঙ্গে আলাপ হয় হার্ভার্ড-এর স্কলার অশ্বিনী ঘোষের। ওদিকে অম্বর সেনকে কেউ হুমকি চিঠি দেয়। আর চিঠি পাওয়ার পরদিনই হঠাৎ নিখোঁজ হয়ে যান তিনি। রহস্যের সমাধানে আসে ফেলুদা। এক লাখ টাকা মুক্তিপণ চেয়ে ফোন আসে অম্বরবাবুর বাড়িতে। কীভাবে অম্বর সেনকে খুঁজে পাবে ফেলুদা? অশ্বিনী ঘোষের প্রকৃত পরিচয়ই বা কী?

## Golapi Mukta Rahasya

India | 1999 | 98 min

Director: Sandip Ray

At Sonahati, a teacher Joychand Boral has a precious family heirloom—a rare pink pearl. This pearl becomes the centre of Feluda's latest investigation. The treasure catches the eye of Kumar Bahadur Suraj Singh from Dharmapur and Feluda's greatest rival, Maganlal Meghraj. The plot is packed with twists, shocks, and surprises. It all comes together to create a picture full of mystery and excitement.

সোনাহাটির শিক্ষক জয়চাঁদ বড়ালের কাছে আছে পূর্বপুরুষের এক দুর্মূল্য রত্ন—গোলাপি মুক্তা। সেই মুক্তা নিয়েই ফেলুদার এবারের গোয়েন্দাগিরি। এই রত্নের ওপর নজর পড়ে ধরমপুরের কুমারবাহাদুর সুরজ সিং আর ফেলুদার সব থেকে জবরদস্ত প্রতিপক্ষ মগনলাল মেঘরাজেরও। ঘটনার ঘনঘটা, চমকের পর চমক। সব কিছু মিলিয়ে রহস্যে-রোমাঞ্চে ভরপুর এক ছবি।









## Baksho Rahasya

India | 1996 | 98 min

Director: Sandip Ray

As the name suggests it is a mystery that revolves around a box. Mr Lahiri, the person in distress, accidentally gets his attache case exchanged with that of another passenger during a train journey. A rare gift by the Rana of Nepal and a travel manuscript which is priceless make this case a more difficult one which Feluda solves with his sharp intellect.

এক বাক্স আছে এই রহস্যের কেন্দ্রে। শুধুই কি বাক্স? তা নয়, তার সঙ্গে জড়িয়ে আছে শম্ভুচরণ বোসের তিব্বত ভ্রমণের মূল্যবান পাণ্ডুলিপি, এবং নেপালের রানার দেওয়া একটি দুর্মূল্য উপহার। আছে কয়েকটি চরিত্র। মিস্টার লাহিড়ি, মিস্টার পাকড়াশি, প্রবীর লাহিড়ি, মিস্টার ধামিজা। মগজাস্ত্র এবং দুই সঙ্গী জটায়ু ও তোপসেকে নিয়ে শিমলায় গিয়ে এই রহস্য কীভাবে ভেদ করে ফেলুদা, তা-ই আমরা দেখি এই ছবিতে।





## Kailashey Kelenkari

India | 2007 | 61 min

Director: Sandip Ray

Prodosh Chandra Mitra alias Feluda is on another adventurous attempt to discover the head of a Yakshi stolen from a temple in Bhubaneswar. Theft and smuggling of ancient sculptures are at the centre of this story. Feluda along with his assistants Topshe and Jatayu unravel this mystery in the land of the Kailash Temple in Ellora.

দেশের বিভিন্ন প্রত্নসামগ্রী বিদেশে বহুমূল্যে পাচার করছে একদল দুষ্কৃতী। এবার ফেলুদা, তোপসে ও জটায়ুর লড়াই তাদের সঙ্গে। ভুবনেশ্বরের এক মন্দির থেকে যক্ষীমূর্তির মাথা ভেঙে নিয়েছে পাচারকারীর দল। এবার তাদের লক্ষ্য ইলোরার কৈলাস মন্দির। তাদের ধাওয়া করে ইলোরা যায় ফেলুদা ও তার সঙ্গীরা। দুষ্কৃতীদের পাকড়াও করে এবং তাদের মূর্তি চুরির পরিকল্পনা বানচাল হয়।





## Gorosthane Sabdhan

India | 2010 | 95 min

Director: Sandip Ray

A tale of another story of investigation in the Feluda series that is set in Calcutta. An eerie as well as twisted tale of wealth takes the team of Feluda which includes Topshe and Jatayu to the South Park Street Cemetery making them unearth a mystery that delves deep into the family of the Godwins that dates back to the 19th century Lucknow.

কলকাতার পটভূমিতে ফেলুদার এই তদন্ত আমাদের ঊনবিংশ শতাব্দীর এক ঐতিহাসিক ঘটনার সম্মুখীন করে। গডউইনদের এক পূর্বপুরুষ ছিলেন অযোধ্যার নবাবের বাবুর্চি। নবাব খুশি হয়ে তাঁকে কিছু বহুমূল্য উপহার দেন। বর্তমানে সেই উপহারের দখল, চুরি সব কিছু নিয়ে ঘনিয়ে ওঠে রহস্য—যার উদ্‌ঘাটনে গুরুত্বপূর্ণ পটভূমি পার্ক স্ট্রিটের গোরস্থান। আর ফেলুদার সঙ্গী হিসেবে অবশ্যই আছে তোপসে ও জটায়ু।





## Nayan Rahasya

India | 2024 | 114 min

Director: Sandip Ray

Eight-year-old Nayan is a mathematical prodigy whose extraordinary gift makes him a target for greed after a public magic show. When the boy is whisked away to Chennai, Feluda steps in to shield him. Amidst a puzzling murder and a gallery of eccentric suspects, Feluda must untangle a sinister conspiracy before Nayan's life is forever changed.

আট/ন-বছরের বালক নয়ন সংখ্যার বিষয়ে অদ্ভুত ক্ষমতার অধিকারী। ম্যাজিশিয়ান সুনীল তরফদার ম্যাজিক শো-তে তার কেরামতি দেখালে চারদিকে নয়নের এই অদ্ভুত ক্ষমতার কথা ছড়িয়ে পড়ে। তার ওপর নজর পড়ে তিন লোভী ব্যক্তির। তরফদার নয়নকে নিয়ে চেন্নাই যায় শো করতে। ফেলুদা ও তার দুই সঙ্গীও যায় সেখানে। কুচক্রী তারকনাথ ঠাকুর ও তার আজব সংগ্রহ দৈত্যাকৃতি গাওয়াঙ্গী, হিঙ্গোরানির খুন—একাধিক রহস্যের জট কীভাবে ছাড়াবে ফেলুদা?









# CENTENARY CELEBRATION
## *TRIPTI MITRA*






Manik | India | 1961 | 121 mins
Director : Bijalibaran Sen

Manik is an orphan boy. Due to brutal behaviour of the orphanage manager, he reveals manager's dreadful nature to the district magistrate. As a punishment, the manager sells him to a crooked businessman. He runs away from businessman's house.

এক অনাথ বালক মানিক। অনাথ আশ্রমের ম্যানেজারের অত্যাচারের কথা সে প্রকাশ করে দেয় জেলাশাসকের কাছে। শাস্তি হিসেবে তাকে এক বদমাইশ ব্যবসায়ীর কাছে বিক্রি করে দেয় ম্যানেজার। কিন্তু একদিন মানিক সেই ব্যবসায়ীর বাড়ি থেকেও পালিয়ে যায়।







# CENTENARY CELEBRATION

## *SALIL CHOWDHURY & SANTOSH DUTTA*



Marjina Abdulla | India | 1972 | 131 mins

Director: Dinen Gupta

This classic film brings the Arabian Nights folktale alive on the big screen! Woodcutter Alibaba accidentally discovers a secret cave full of bandits' stolen treasure. Then danger comes to the city. When the bandits come to reclaim the gold, the responsibility of protecting everyone falls onto Marjina & Abdulla. Can this duo save their loved ones and the town?

এই কালজয়ী ছবিটি 'আরব্য রজনি'র লোককথাকে বড়ো পর্দায় জীবন্ত করে তোলে! কাঠুরিয়া আলিবাবা ঘটনাক্রমে একটি গোপন গুহা আবিষ্কার করে, যা ডাকাতদের লুঠ করা ধনসম্পদে ভরা। এরপরে শহরে নেমে আসে বিপদ। যখন ডাকাতদল সেই সোনা ফিরে পেতে শহরে আসে, তখন প্রত্যেককে রক্ষা করবার দায়িত্ব গিয়ে পড়ে মর্জিনা ও আবদাল্লার ওপরে। এই জুটি কি পারবে তাদের প্রিয়জনদের ও শহরকে রক্ষা করতে?





# ছোটোদের বাংলা ছবি: সুগভীর জীবনবোধের আখ্যান



শুভেন্দু দাশমুন্সী
অধ্যাপক, প্রাবন্ধিক, চিত্রনাট্যকার

ছোটোদের বাংলা ছবির জগৎ বলতে এখন অনেকেই ভাবে, সে বুঝি শুধুই গোয়েন্দাগিরি আর অভিযানের গল্প। কিন্তু আরও কত কিসিমের কতরকম গল্পও তো প্রায় একশো বছর ধরে শুনিয়ে আর দেখিয়ে আসছে ছোটোদের বাংলা ছবি। সেখানে যেমন আছে নানারকম রূপকথার গল্প, সেখানে তেমনই আছে কত রকমের কত ধরনের মানুষ চেনার কাহিনি। এবারের এই শিশু কিশোর চলচ্চিত্র উৎসবে এই ধরনের বেশ কিছু ছোটোদের বাংলা ছবি নিয়েই সাজানো ছোটোদের বাংলা ছবির ভাঁড়ার। এর মধ্যেই আছে 'বাদশা' ছবিতে ভয়ংকর গুন্ডা বাদশার গল্প। যে বাদশা একটি বাচ্চা ছেলেকে খুঁজে পেল গঙ্গাসাগরের মেলাতে। তারপর এই খুদে নিষ্পাপ শিশুটি কীভাবে বদলে দিল বদমাশ বাদশার জীবনবোধ, সেটিই একটি ছবির গল্প। আর তার কতদিন পরে তৈরি, 'পক্ষীরাজের ডিম' কাহিনিতে মিশে যায় রূপকথার কাহিনি উপাদানের সঙ্গে কল্পবিজ্ঞানের উপাদান। তবে এরা সব বাইরের কথা, সব চেয়ে দরকারি হল বিজ্ঞানের সঙ্গে, বিজ্ঞান আর অঙ্কের মাস্টারমশাইয়ের সঙ্গে দুই খুদে জিজ্ঞাসুর মজাদার সম্পর্কের আখ্যান।

আবার কত সময়ে একটি ছোট্ট ছেলের বা মেয়ের চারপাশ দেখাটাই তো হয়ে উঠতে পারে একটি ছবির গল্প। তা-ই না? যেমন ধরো, 'বাড়ি থেকে পালিয়ে'র কাঞ্চনের মতো 'ভোম্বল সর্দার' গল্পের ভোম্বলও ঘর ছেড়ে বাইরে বের হয়ে চিনতে পারে আশপাশের মানুষ আর প্রকৃতি। আবার সেই ধরনের ছবি তৈরি হয় সমকালেও। নতুন ছবি 'আইকম বাইকম'-এর পটভূমি এক পাহাড়ের স্কুল। সেখানকার তিন কিশোরী ছাত্রীর চোখে সেখানকার মানুষ আর পশুপাখিদের প্রতি ভালোবাসা হয়ে ওঠে গল্পের উপাদান। তার সঙ্গে সেখানে আছে এক আশ্চর্য কল্পলোকের মানুষ আর তার কাছে থাকা এক দূরবিন আর লুডোর ছক্কা। সেই দুইটি জিনিস শুধু বিজ্ঞান আর খেলার উপকরণমাত্র নয়, তা যেন কল্পবিজ্ঞানের আজব নিদর্শন।

ছোটোদের বাংলা ছবিতে রূপকথার আঙ্গিক ব্যবহার করে বলা হয়ে থাকে সমকালীন জটিল সামাজিক আর রাজনৈতিক ঘটনাপ্রবাহ। সত্যজিৎ রায়ের 'গুপী গাইন বাঘা বাইন' ছবির দ্বিতীয় কাহিনি 'হীরক রাজার দেশে'। হীরক রাজার মতো অত্যাচারী রাজা রাজ্যের খনিমজুর, সেখানকার কৃষকদের জীবন দুর্বিষহ করে তোলে, সেখানকার শিক্ষাব্যবস্থাকেও বিপর্যস্ত করে তোলে হীরক রাজা আর তার মন্ত্রীরা। সেখানকার বিজ্ঞানী তৈরি করে এক অদ্ভুত যন্ত্র, নাম তার মস্তিষ্কপ্রক্ষালক যন্ত্র বা মগজধোলাই যন্ত্র। সব মানুষকে এক যন্ত্রের মধ্যে ঢোকালে তারা রাজার মনোমতো মন্ত্র আওড়ে চলে সারাজীবন। এইভাবেই তৈরি হয় আরেক কাহিনি 'হবুচন্দ্র রাজা গবুচন্দ্র মন্ত্রী'। সেখানে হবুচন্দ্র রাজার আমলে সুখেশান্তিতেই ছিল প্রজারা। এরপর এক দুষ্ট মন্ত্রী নিজের উদ্দেশ্যপূরণের জন্য ষড়যন্ত্র করে সেই বোম্বাগড়ের মন্ত্রী হয়ে বসে। এর ফলে, সেখানকার প্রজাদের জীবনে নেমে আসে সমূহ বিপদ। এইভাবে এইসব কাহিনি সমকালীন সমস্যাকে ছোটোদের কাহিনির মোড়কে মুড়ে বলা হল এক নতুন ধরনে।

এইভাবেই ছোটোদের বাংলা ছবির এই গুচ্ছ ছোটোদের সঙ্গে পৃথিবীর গভীর যোগকে তুলে ধরে। সিনেমা যে শুধু বিনোদনের বিষয়মাত্র নয়, তা যে এক সুগভীর জীবনবোধ তৈরির চেষ্টা, সেই কথাও মনে করিয়ে দেয়।


# Bengali Panorama

















## Heerak Rajar Deshe

India | 1980 | 118 min

Director: Satyajit Ray

The magical duo of Goopy Gayen and Bagha Bayen could be found again in the film Heerak Rajar Deshe. In that very country is a diamond mine and there resides a tyrant king. The king closes all the schools in the country. Will this duo succeed in making the land free from the tyrant's rule?

‘গুপী গাইন বাঘা বাইন’ ছবির পরে আমরা গুপী-বাঘাকে আবার পাই ‘হীরক রাজার দেশে’ ছবিতে। এবার তাদের অভিযান হীরক রাজ্যে। সেখানে আছে এক বিরাট হিরের খনি, আর আছে এক অত্যাচারী রাজা। সে তার রাজ্যের সব পাঠশালা বন্ধ করে দেয়। গুপী-বাঘা কি দুষ্টু রাজার কবল থেকে হীরক রাজ্যকে রক্ষা করতে পারবে?




Badsha

India | 1963 | 117 min

Director: Agradoot Team

Badsha is a notorious thief. The police had declared prize money of Rs 10000 if anyone could bring him dead or alive. Such a rogue's life takes an about turn when he finds a deserted child on the road and brings him home. He names him Bachchu and brings him up as his own child. He forgoes his profession. The father and the son start earning money by showing road tricks. Bachhu is actually the son of a rich man and was separated from his mother. Soon Badsha's dark past starts haunting him. Badsha worries himself sick thinking about Bachhu's future. His poor health demands a lot of money. Bachchu finds a gold chain in the house and goes to the jeweller to sell it off for some money. However the jeweller thinks him to be a thief. The poor boy is rescued by his biological father who recognizes the chain. He is brought home and the couple is overjoyed. But Bachchu is not happy. He runs away from the riches to find Badsha.

বাদশা এমনই এক দুর্দান্ত চোর, যাকে জীবিত বা মৃত ধরে আনার জন্য পুলিশ দশ হাজার টাকা পুরস্কার ঘোষণা করেছে। কিন্তু হঠাৎ তার জীবনের মোড় ঘুরে যায়। সে রাস্তায় কুড়িয়ে-পাওয়া একটি ছেলেকে নিজের বাড়িতে এনে ছেলের মতো করে মানুষ করতে থাকে। তার নাম দেয় বাচ্চু। চুরির পেশা ছেড়ে সে রাস্তায় নানা বাজি দেখিয়ে রোজগার করতে থাকে। কিন্তু অন্ধকার জীবন তবু তার পিছু ছাড়ে না। বাচ্চুর ভবিষ্যতের দুর্ভাবনায় ক্রমেই অসুস্থ হয়ে পড়ে বাদশা। তার চিকিৎসার সম্বল জোগাড় করতে বাচ্চু তাদের ঘরে পাওয়া একটি সোনার চেন বিক্রি করতে যায়। দোকানি কিন্তু তাকে চোর ঠাওরায়। তার জন্মদাতা বাবা চেনটা চিনতে পেরে তাকে এই গোলমাল থেকে বাঁচায়, নিয়ে যায় বাড়িতে। বাবা-মা-র খুশির সীমা ধরে না। কিন্তু বাচ্চু মনমরা হয়ে থাকে। ধনদৌলত সব ফেলে পালিয়ে আসে বাদশার কাছে, কিন্তু বাদশা ততক্ষণে মৃত।



Bhombal Sardar
India | 1983 | 69 min
Director: Nripen Ganguli

Bhombal, a naughty orphan boy, lived with his uncle who would thrash him badly for his mischiefs. After one such mischievous act, Bhombal runs away from his uncle's house to save himself from his beating. This story is about his journey hereafter.

ভোম্বল এক অনাথ, কিন্তু দুষ্টু ছেলে। সে থাকত তার কাকার সঙ্গে। ভোম্বল গ্রামে এত উপদ্রব করত যে, তার জন্য কাকার আছে প্রায়ই মার খেতে হত। একদিন এরকম দুষ্টুমি করার পর ভোম্বল মারের হাত থেকে বাঁচতে কাকার বাড়ি ছেড়ে পালিয়ে যায়। এরপর কী ঘটে ভোম্বলের সঙ্গে?





Ramdhanu

India | 2014 | 135 min

Director: Nandita Roy, Shiboprosad Mukherjee

As the name suggests, the film is a portrayal of child's life in a society which is obsessed with marks obtained in exams and judges the capability of an individual through the same. As a rainbow has seven different colours, a child has several other abilities. A struggling middle class family is seen here, trying to fit in the society along with the several demands of the family. This film also depicts the education system in a brief manner.

সাফল্যের মানদণ্ড কি শুধুই পড়াশোনা? আর পড়াশোনার মানদণ্ড কি শুধুই নম্বর? এই প্রশ্নই তোলে এই পারিবারিক ছবি। মা-বাবা-ছোট্ট ছেলেকে নিয়ে এক সুখী মধ্যবিত্ত পরিবার। কিন্তু সেই সন্তানকে কেন্দ্র করেই গড়ে ওঠে নানা সমস্যা। রামধনুর সাতটি রঙের মতো একটি শিশুরও নানা গুণ থাকতে পারে। সেইগুলি দিয়েই সে আঁকতে পারে নিজের জীবনের ছবি। ছবিতে শিক্ষাব্যবস্থার ত্রুটিগুলিকে তুলে ধরারও একটা চেষ্টা আছে।



Icom by Com
India | 2025 | 100 min
Director: Satarupa Sanyal





A tale of three friends in a school situated amidst the mountains. Apart from attending the school, they had also taken an initiative to take care of the natural surroundings. While being on this quest, they meet a strange old lady who carried a telescope and a dice of a game of ludo which possessed a certain kind of energy. Through those weird objects, one could even sense several things. The main story lies in how their lives are changed after this.

একটা পাহাড়ের স্কুল। সেখানকার কিছু ছাত্রছাত্রী। তার মধ্যে তিন ছাত্রীর গল্প। তারা তাদের স্কুলের পাশাপাশি দেখে সেখানকার মানুষজন, প্রকৃতি। হঠাৎই এদের একজনের সঙ্গে দেখা হল এক অদ্ভুত বয়স্কা ভদ্রমহিলার। তাঁর কাছে আছে একটি দূরবিন আর একটি লুডো খেলার ছক্কা। তাদের আছে আশ্চর্য শক্তি। দূরবিনে যখন খুশি, যাকে খুশি দেখতে পাওয়া যায় আর ছক্কা চেলে পেতে পারো যেমন তোমার খুশি। তারপরে কী হল তাদের গল্প। কীভাবেই বা চিনল তারা তাদের আশপাশের মানুষজনকে।



Hobu Chandra Raja Gobu Chandra Mantri
India | 2021 | 119 min
Director: Aniket Chattopadhyay

The king of Bombagarh Hobuchandra and his queen Kusumkali were living a prosperous life when a man named Gobu Chandra arrived at their kingdom. The latter's wit and cunning way of manipulating the king made Gobu the minister of the kingdom. After this several incidents occur in their kingdom.

বোম্বাগড়ের রাজা হবুচন্দ্র এবং তাঁর রানি কুসুমকলি। রাজা হবুচন্দ্রর রাজত্বে সবাই খুব সুখী। হঠাৎই সে রাজ্যে এসে হাজির হয় গবুচন্দ্র নামে এক ব্যক্তি। নানা ছলচাতুরীতে সহজ সরল রাজাকে বুঝিয়ে গবুচন্দ্র রাজ্যের মন্ত্রীর আসন লাভ করেন। এরপরই সে রাজ্যে ঘটতে থাকে নানারকম ঘটনা।





# ভারতীয় চিত্রকাহিনি: হৃদয়স্পর্শী আর চিন্তার প্রসার



এস ভি রমন
চলচ্চিত্র বিশেষজ্ঞ, প্রাবন্ধিক

দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু কিশোর চলচ্চিত্র উৎসবে দেখানোর জন্য নানা বয়সি ছোটোদের কথা ভেবে দেশ-বিদেশের ছবির একটি সুনির্বাচিত ডালি তৈরি করা হয়েছে। শুধুমাত্র সাম্প্রতিক সিনেমা নয়, বর্তমান সময়ের পাশাপাশি পুরোনো দিনের সেইসব সিনেমাও তালিকায় আছে, যা ছোটোদের ভাবনাচিন্তাকে সমৃদ্ধ করবে। আন্তর্জাতিক সিনেমার পাশাপাশি 'ইন্ডিয়ান প্যানোরামা' বিভাগে একগুচ্ছ ভারতীয় সিনেমার প্রদর্শনীর ব্যবস্থাও করা হয়েছে। এটি খুবই গুরুত্বপূর্ণ, কারণ আজকের প্রজন্মের ছোটোদের সঙ্গে ভারতের অন্যান্য প্রদেশে যেসব সিনেমা তৈরি হয়, তার তেমনভাবে পরিচয় নেই। ইন্ডিয়ান প্যানোরামার মাধ্যমে এই পরিচয় ঘটবে বলেই আমাদের আশা।

এবারের ইন্ডিয়ান প্যানোরামা বিভাগে পঞ্চাশ বছরের বেশি সময়কাল ধরা আছে, যেখানে ১৯৭৪ সালে তৈরি মারাঠি ছবি সাই পরাঞ্জপের 'জাদু কা শঙ্খ' থেকে একেবারে সাম্প্রতিক ২০২৫-এ দীপি পিল্লাই শিভানের মালয়লম ছবি 'আছাপ্পা'জ অ্যালবাম' প্রদর্শিত হবে। থাকছে জহ্নু বড়ুয়ার মতো বিশিষ্ট অসমিয়া পরিচালকের সিনেমাও। ছবি নির্বাচন করা হয়েছে যথেষ্ট চিন্তাভাবনা করে, যাতে শুধুমাত্র বাংলা বা আন্তর্জাতিক ছবি নয়, ভারতের বিভিন্ন প্রদেশের পরিচালকরা ছোটোদের এবং কিশোরদের ছবি তৈরির সময় যে বিভিন্ন বিষয় বেছে নিচ্ছেন, সেগুলি এখানকার খুদে দর্শকদের মন ছুঁয়ে যায় এবং তাদের চিন্তার ক্ষেত্র প্রসারিত হয়।

সারা ভারত জুড়ে, দেশের নানা প্রান্তে কত ধরনের শিশু-কিশোর চরিত্রদের দেখতে পাব এখানে। আর আছে নানান কিসিমের বড়োদের ভিড়। বড়োদের দেখা পৃথিবীর সঙ্গে কতটাই-না আলাদা ছোটোদের জগৎ। এই ভারতীয় ছবিগুলি যেন বড়োদের স্বার্থ আর রাগ ক্রোধ নিয়ে তৈরি-হয়ে-ওঠা পটভূমির সঙ্গে ছোটোদের চোখে দেখা দুনিয়ার দ্বন্দ্বের এক বিরাট আখ্যান। তার সঙ্গেই আসেন গুডবাই গুরুজির প্রকাশ সইকিয়ার মতো মাস্টারমশাই। তিনি ছোটোদের সঙ্গেই থাকতে চান। ছোট্ট কুকুরছানার সন্ধানে বেরিয়ে মানুষ চেনার গল্প তো শুধু ছোটোদের নয়, সকলের মন ছুঁয়ে যায়। এমনি কাহিনিচিত্রের পাশেই ১৯৮৫ সালে তৈরি ভারতীয় অ্যানিমেশন ছবিতে চিত্রায়িত হয় সিদ্ধার্থ আর তার ভাই দেবদত্তর গল্প। সেখানেও পশুপাখিদের প্রতি করুণার কাহিনি মূর্ত হয় ভারতীয় অ্যানিমেটরদের দক্ষতায়। ফলে, ভারতীয় ছবির বিষয় আর আঙ্গিকের বৈচিত্র্যটিও বেশ লক্ষ করার মতো।

ইন্ডিয়ান প্যানোরামার লক্ষ্য আঞ্চলিক সিনেমার বৈচিত্র্য, যাতে বাংলার ছেলেমেয়েদের মনে চিরস্থায়ী জায়গা করে নিতে পারে। এই বিভাগটি দ্বাদশ চলচ্চিত্র উৎসবের অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আকর্ষণীয় অংশ, যা দেখলে দর্শকদের অন্য প্রদেশের ছবি সম্বন্ধে জানার যে আগ্রহ, তা অনেকটাই পূর্ণ হবে।

Indian
Language
Films



## Achappa's Album

India (Malayalam) | 2025 | 118 min

Director: Deepti Pillay Sivan

Fourteen-year-old boy Appu is very naughty. At home, his parents always fight over trivial matters which affects Appu a lot.This makes him even more stubborn and mischievous. One day, as a punishment, his father locks him in the attic room, where he finds his grandfather's magic album. And then begins a ride full of fun and mischief!

চোদ্দো বছরের কিশোর আপ্পু খুব দুষ্টু। বাড়িতে তুচ্ছ বিষয় নিয়ে তার বাবা-মায়ের সবসময় ঝগড়া হয়। তার প্রভাব পড়ে আপ্পুর ওপর। সে আরও জেদি আর দুষ্টু হয়ে ওঠে। একদিন শাস্তিস্বরূপ বাবা তাকে চিলেকোঠার ঘরে আটকে রাখে। সেখানে সে খুঁজে পায় তার দাদুর এক ম্যাজিক অ্যালবাম। তারপর ঘটে মজার সব কাণ্ডকারখানা।



## Goodbye Guruji


India (Assamese) | 2024 | 100 min

Director: Arunjit Borah

Prakash Saikia is a primary school teacher where several of his students fail their exams. Prakash stands by them and teaches them through Assam's ancient 'Bhavana' theatre art. This film beautifully shows the picture of hard work blended with cultural tradition.

প্রকাশ সইকিয়া এক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক। স্কুলের বেশ কিছু ছাত্রছাত্রী পরীক্ষায় পাস করতে পারে না। তাদের পাশে দাঁড়ান প্রকাশ। অসমের প্রাচীন 'ভাবনা' নাট্যকলার মাধ্যমে তাদের পড়াতে শুরু করেন। অধ্যবসায় ও সাংস্কৃতিক পরম্পরার যুগলবন্দির এক অনবদ্য চিত্র তুলে ধরে এই ছবি।











## Gattu

India (Hindi) | 2011 | 190min

Director: Rajan Khosa

Aspiration and desire lead to success, such is the story of Gattu. A nine-year-old orphan boy, he has a fascination for flying kites. He wants to defeat Kali who has won several kite competitions. He tries fulfilling his dream by training himself and getting admission in a nearby school. Will all such different ways lead him to his ambition?

গাট্টু এক নয় বছরের অনাথ বালক। সে ঘুড়ি ওড়াতে খুব ভালোবাসে। কালী ঘুড়ি-ওড়ানো প্রতিযোগিতায় অনেকবার জিতেছে। গাট্টুর ইচ্ছে কালীকে হারিয়ে প্রতিযোগিতায় জেতা। সে কাছের এক স্কুলে ভরতি হয়। নিজেকে আরও ঘষে-মেজে তৈরি করে নিতে চায় প্রতিযোগিতার জন্য। শেষ পর্যন্ত কি সে জিততে পারবে?

## Karuna Ka Vijay

India (English) | 1985 | 12 min

Director: Kewaldas Bansod

A tale of generosity and love is what binds this whole film. After having shot the swan, Prince Devdatta notices that his cousin brother Prince Siddharth was nursing the bird. Each one of them started claiming it to be theirs. This dispute leads both of them to the king. The king decides that to whomsoever the swan hobbles, the swan will belong to him.

এই ছবিতে আমরা দেখি প্রেম ও মহত্ত্বের এক অনন্য নিদর্শন। রাজকুমার সিদ্ধার্থর তুতো ভাই রাজকুমার দেবদত্ত একটি রাজহাঁসকে তির মারেন। আহত রাজহাঁসটির সেবা করেন সিদ্ধার্থ। দুজনেই রাজহাঁসটিকে নিজের বলে দাবি করতে থাকেন। এই পরিস্থিতিতে রাজার কাছে গেলে তিনি এই সিদ্ধান্তে আসেন, হাঁসটি স্বতঃস্ফূর্তভাবে যার কাছে যাবে, সে তারই হবে।











## Tora

India (Assamese) | 2004 | 63min
Director: Jhanu Baraua

Two neighbouring families in Assam had a pleasant relation but a land dispute makes them fight against each other. Tora, the main protagonist of the story, is a seven year old girl, who is capable of restoring the ties between two families.

দুই প্রতিবেশী এবং তাদের মধ্যে এক সম্পর্কের টানাপোড়েন নিয়ে এই ছবি। অসমের এক অঞ্চলে দুই প্রতিবেশী পরিবারের মধ্যে মধুর এক সম্পর্ক ছিল। কিন্তু একটা জমির মালিকানা নিয়ে তাদের সম্পর্কে অশান্তির কালো মেঘ ঘনিয়ে আসে। সাত বছরের ছোট্ট মেয়ে তোড়া কি পারবে এই দুই পরিবারের সম্পর্কে শান্তি ফিরিয়ে আনতে?



## Baaja

India (Hindi) | 2001 | 79 min
Director: Apurba Kishore Bir

This is the story of Shibu, a young lad who is quite different from others. The eleven-year-old boy is sent to his uncle's house in the town to be on a constructive path. But there his life takes a serious upturn, when a free and compassionate spirit is trapped in him, ensuring he fulfills his inner potential.

শিবু এক এগারো বছরের বালক, কিন্তু আচরণে সবার থেকে একটু আলাদা। দরিদ্র বাবা-মা তার ভরণপোষণের জন্য শহরে কাকার বাড়িতে পাঠিয়ে দেয়। সেখানে এক অদ্ভুত কাণ্ড হয়। শিবুর ওপর ভর করে এক সহানুভূতিশীল আত্মা। সে শিবুর অসামান্য প্রতিভার বিকাশে সাহায্য করে।











## Jadoo ka Shankh

India (Hindi) | 1974 | 51min

Director: Sai Paranjpye

A poor family resides in the village, comprising two kids namely Shyam and Soni and their mother. Despite being in poverty, one day they give up their own food to a saint, disguised as a poor man. The saint gives them a conch that can predict any upcoming danger. A king gets hold of the conch and it warns him of a plot to betray him. On being saved, the king provides a huge amount of wealth to the family of Shyam and Soni.

এক গাঁয়ে থাকত শ্যাম, সোনি আর ওদের মা। অভাবের সংসারে দিন কাটছিল কষ্টে। কিন্তু একদিন ভিখিরির বেশে আসা এক সন্তকে নিজেদের মুখের খাবারটুকু দিয়ে দিতে পরিস্থিতি গেল পালটে। খুশি হয়ে সেই সন্ত ওদের দিলেন এক জাদুকরি শাঁখ। বিপদ আসার আগেই শাঁখটি বিপদের সংকেত দিতে পারে। সেই শাঁখ পৌঁছোল গিয়ে রাজার হাতে। রাজা পেলেন বিশ্বাসঘাতকতার আগাম বার্তা। বেঁচে গেলেন রাজা; শ্যাম ও সোনির পরিবারকে ভরিয়ে দিলেন অঢেল ধনসম্পদে।



## Bhago Bhoot

India (Hindi) | 2001 | 81min

Director: Sai Paranjpye

As rumours circulate among the kids about a ghost in the nearby forest, the children try going there to find that particular entity. Nanu, the main protagonist, is left alone by his friends after hearing strange noises. He suddenly finds a strange looking man standing above him.


পাশের জঙ্গলে নাকি ভূত আছে! বন্ধুদের মুখে মুখে এইটা রটতেই একদল খুদে ঠিক করল, জঙ্গলে গিয়ে ওই 'ভূত'-এর মুখোমুখি হবেই। কিন্তু বনের ভেতর অদ্ভুত সব আওয়াজ শুনে বাকিরা তো ভয়ে পালাল, আর একা পড়ে গেল নানু। রহস্য ভেদ করতে গিয়ে সে চোট তো পেলই, আর চোখ তুলে দেখল, তার মাথার ওপরে দাঁড়িয়ে আছে অদ্ভুত দেখতে একজন লোক!











## Heda Hoda

India (Gujarati) | 2003 | 77min

Director: Vinod Ganatra

Set against the 1947 Partition, Heda Hoda is a feel-good gem that follows a gang of boys in Gujarat's Kutch area. Living right on the edge of Pakistan's Sindh province, these kids are tasked with a mission: keeping an eye out for anyone slipping across the border. What follows is a whirlwind of a surveillance mission, packed with laugh-out-loud moments.

১৯৪৭-এর দেশভাগের প্রেক্ষাপটে তৈরি এক মন-ভালো-করা ছবি। গুজরাটের কচ্ছ এলাকায় একদল ছেলে। জায়গাটা পাকিস্তানের সিন্ধ প্রদেশের গা ঘেঁষে। এই ছেলেদের ওপর দায়িত্ব পড়ে কাঁটাতার পেরিয়ে-আসা অচেনা লোকেদের ওপর নজর রাখার। ওদের এই নজরদারির অভিযানের ফাঁকে ফাঁকেই ঘটে চলে নানান মজার কাণ্ড, টানটান উত্তেজনা।

## Halo

India (Hindi) | 1996 | 92 min

Director: Santosh Sivan



An innocent tale of a small young girl Sasha and her favourite puppy. Having lost it, she tries every way to find it. In this whole process, she meets lots of people and learns new things in new manners.

ছোট্ট মেয়ে সাশা এবং তার কুকুরছানাকে নিয়ে মিষ্টি এক কাহিনি। ছানাটা হচ্ছে সাশার নয়নের মণি। একদিন হঠাৎ সে হারিয়ে যেতেই, সাশা হন্যে হয়ে খুঁজতে থাকে। খোঁজাখুঁজিতে কোনও ফাঁকই রাখে না। অনুসন্ধানের পথে কত বিচিত্র মানুষজনের সঙ্গেই না পরিচয় হয় সাশার! ছোট্ট মেয়ে জগৎটাকেও চিনে নেয় নতুনভাবে।









# খেলার ছবি, ছবির খেলা



দোলা চৌধুরী
ফ্রিল্যান্সার

সিনেমা ও স্পোর্টসের মেলবন্ধনে সৃষ্টি হয় এক অনন্য ম্যাজিক আর এই ম্যাজিক আচ্ছন্ন করে রাখে ৩ থেকে ৯৩-কে। সিনেমার স্বতন্ত্র এই ধারা চলচ্চিত্রজগৎকে করেছে সমৃদ্ধ। সারা বিশ্বে প্রায় প্রতিবছরই নির্মিত হয় বেশ কিছু 'খেলার ছবি'। এক বড়ো অংশের দর্শক উদ্‌গ্রীব হয়ে থাকে সেই ছবি দেখার জন্য। আমাদের দেশও তার ব্যতিক্রম নয়। কোনি, ইকবাল, ঘুমর, এম এস ধোনি, চন্দু চ্যাম্পিয়ন, ময়দান, লগান, চক দে, ভাগ মিলখা ভাগ, মেরি কম, জার্সি, কৌন প্রবীণ তাম্বে, হাওয়া হাওয়াই, তুলসীদাস জুনিয়র, সাই, শ্রীকান্ত, ৮৩, দাবাড়ু, Sachin A Billion Dreams—প্রভৃতি ছবিগুলি মন জয় করে নিয়েছে ছোটো থেকে বড়ো সব দর্শকের। এবার একটু বহির্বিশ্বের দিকে দৃষ্টিপাত করা যাক—The Sandlot, Rookie of the Year, The Karate Kid, Over the Top, Bend it Like Beckham, Million Dollar Baby, Rocky, Shaolin Soccer, Escape to Victory, The Water Boy ও আরও কত-না ছবি মাতিয়ে দিয়েছে আমাদের।

প্রকৃতপক্ষে খেলার ছবির একটা পৃথক মাত্রা আছে। আনন্দদানের পাশাপাশি এই সিনেমাগুলি আমাদের জীবনের মূলমন্ত্রগুলি শেখায়। শ্রদ্ধা, নিষ্ঠা, অধ্যবসায়, পরিশ্রম, একাগ্রতা, বন্ধুত্ব, প্রত্যয়, সাহস ও আরও কতই-না শিক্ষায় শিক্ষিত করে। তাই খেলার ছবি আমাদের কাছে এক বিশেষ স্থান অধিকার করে আছে। শিশু কিশোর আকাদেমি আয়োজিত শিশু কিশোর চলচ্চিত্র উৎসব বরাবরই ছবিতে খেলাকে বিশেষ গুরুত্ব দিয়েছে। তাই প্রায় প্রতিবছরই একটা পৃথক বিভাগই থাকে খেলার ছবি নিয়ে। আর আমাদের ছোট্ট দর্শক-বন্ধুরা স্বাদ গ্রহণ করে অনবদ্য বেশ কিছু স্পোর্টস ফিল্মের। এ বছরও তার ব্যতিক্রম নয়। স্পোর্টস মুভি বিভাগে আমরা দেখতে পাব—কোনি, ৮৩ (এইট্টি-থ্রি), দাবাড়ু, Be Brave। 'ফাইট কোনি ফাইট'—সাঁতারের কোচ খিদ্দার এই মন্ত্র শুধু কোনিরই নয়, আমাদের প্রত্যেকের জীবনযুদ্ধের অনুপ্রেরণা। মতি নন্দীর এই অসামান্য উপন্যাসকে পর্দায় তুলে ধরেছেন পরিচালক সরোজ দে। বস্তির এক মেয়ের লড়াই, হার-না-মানা অনমনীয় জেদ, যা তার মধ্যে বপন করে দেয় তার কোচ খিদ্দা। কোনি ছিনিয়ে নেয় বিজয়ীর মেডেল।

ভারতীয় ক্রীড়াজগতের এক যুগসন্ধিক্ষণ ১৯৮৩ সাল। দুবারের বিশ্বচ্যাম্পিয়ন ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে কপিলদেবের নেতৃত্বে ক্রিকেট বিশ্বকাপ জেতে আমাদের দেশ। সেই অসাধারণ কৃতিত্বকে রুপোলি পর্দায় এনেছেন পরিচালক কবির খান।

গ্র্যান্ডমাস্টার সূর্যশেখর গঙ্গোপাধ্যায়ের বায়োপিক পথিকৃৎ বসুর 'দাবাড়ু'। দাদামশাই নবীন সরকারের অনুপ্রেরণা ও মা করুণাদেবীর উৎসাহে ছোট্ট সূর্য দাবার জগতে নিজের যোগ্যতা প্রমাণ করে। সর্বকনিষ্ঠ গ্র্যান্ডমাস্টারের মুকুট ওঠে তার মাথায়।

চিনের ছবি Be Brave বলে কঠিন পরিস্থিতিতে হার-না-মানা এক কিশোরের গল্প। দুর্ঘটনায় একটি হাত হারিয়েও আরেক হাতে সে জয় করে নেয় বাস্কেটবলের পৃথিবী।

এই অধ্যবসায়, নিষ্ঠা, অনমনীয় লড়াইয়ের গল্প আমাদের অনুপ্রাণিত করে জীবনের চড়াই-উতরাই পেরিয়ে যেতে। আমরা সবাই অপেক্ষায় রইলাম লড়াইয়ের সাক্ষী হওয়ার জন্য।

# Sports Section Films











Deng Yuan



Pan Jun

## Be Brave

China | 2024 | 92 min

The film tells the story of Cheng, a one-armed basketball boy from the mountainous area of western Guangdong, who was not afraid of adversity, scored high points and created miracles in the provincial youth basketball competition.

পশ্চিম গুয়ানডং প্রদেশের প্রত্যন্ত পার্বত্য এলাকার ছেলে চেং। তার একটা হাত নেই। কিন্তু সে কোনও প্রতিকূলতাকেই ভয় পায় না। অদম্য মনোবল নিয়ে প্রাদেশিক বাস্কেটবল প্রতিযোগিতায় সর্বোচ্চ স্কোর করে চেং।





Kabir Khan

## 83

India | 2021 | 162 min

On 25th June 1983, India won against the West Indies, under the captaincy of Kapil Dev, to win the Cricket World Cup at the Lords Stadium. The most striking part is that they won against the West Indies with a total of 183. A huge amount of hard work as well as perseverance led them to the forefront, creating a change in the course of the history of cricket.

১৯৮৩-র ২৫ জুন ইংল্যান্ডের লর্ডসের মাঠে ভারতীয় ক্রিকেটের নতুন সূর্যোদয় হয়। কপিলদেবের নেতৃত্বে এগারোজন ক্রিকেটার মাত্র ১৮৩ রানের পুঁজি নিয়ে দুবারের বিশ্বচ্যাম্পিয়ন ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে লড়াই করে ছিনিয়ে এনেছিল বিশ্বজয়ীর মুকুট। সমগ্র ক্রিকেটবিশ্ব কুর্নিশ জানিয়েছিল এই জয়কে। অদম্য মনোবল ও আত্মবিশ্বাস ছিল ভারতীয় ক্রিকেটারদের পুঁজি। এই জয়ের পরে ভারতীয় ক্রিকেটে এক নতুন যুগের শুরু হয়।







Pathikrit Basu


## Dabaru

India | 2024 | 131 min

A young chess prodigy Surya, emerges from the streets of North Kolkata to achieve the prestigious title of Grandmaster. Through numerous challenges Surya gets support from his grandfather, mother and coach who serve as pillars of strength in his journey to success. The grit, determination and hard work that Surya puts in as he trains, tell an inspiring tale. Despite his discpline Surya has his little boy moments.

প্রখ্যাত দাবাড়ু সূর্যশেখর গঙ্গোপাধ্যায়ের জীবন নিয়ে এই চলচ্চিত্র। উত্তর কলকাতায় বেড়ে-ওঠা এই কিশোর তার প্রতিভা ও পরিশ্রমের জোরে দ্য গ্র্যান্ডমাস্টার অর্জন করে। সূর্যর ঠাকুরদাদা, মা এবং কোচ সব সময় তার পাশে ছিলেন। সব প্রতিরোধকে চূর্ণ করে সে যাতে সাফল্যের দিকে এগিয়ে যেতে পারে, সেজন্য সাহায্য করেন। সূর্যর শৃঙ্খলাবোধ, দৃঢ়তা ও কঠোর অনুশীলন ছোটোদের কাছে অনুপ্রেরণা হয়ে ওঠে। তার কৈশোরের বেশ কিছু উপভোগ্য মুহূর্তও এই ছবিতে পাওয়া যায়।





Saroj Dey

## Koni

India | 1983 | 131 min

It is the story of a coach and his trainee Koni who fight all odds to achieve their aims. Khidda, a swimming coach, picks Koni from a slum of Calcutta and grooms her to be the part of the Bengal swimming team to compete at the National Swimming Championship. However, politics, poverty and social stigma emerge as distinct roadblocks in Koni's path to success.

এ হল একজন কোচ ও তার ছাত্রীর গল্প। সাঁতারের কোচ খিদ্দা কলকাতার এক বস্তি থেকে কোনিকে তুলে এনে প্রশিক্ষণ দেয়। তাকে জাতীয় সাঁতার চ্যাম্পিয়নশিপের জন্য তৈরি করে। কিন্তু রাজনীতি, দারিদ্র্য, সামাজিক বিধিনিষেধ বারে বারে কোনির সাফল্যের পথে অন্তরায় হয়ে দাঁড়ায়।







Sebastian Grobler

## Lessons of a Dream

Germany | 2011 | 113 min

Based on the true story of the teacher and football pioneer Konrad Koch, 'Lessons of a Dream' relates the story of the beginnings of football in Germany, and of a school class that develops into a real team when they are infected with their new teacher's football fever. Travelling back in time, the story depicts an era in which schools were still places to produce good footballers.

জার্মান ফুটবলের জনক কনরাড কোচের জীবন অবলম্বনে তৈরি এই ছবিতে জার্মান ফুটবলের শুরু এবং তার ক্রমবিস্তারের গল্প তুলে ধরা হয়েছে। এখানে আমরা দেখি, স্কুলের একটি ক্লাসের ছাত্ররা তাদের নতুন শিক্ষকের ফুটবলপ্রেমে অনুপ্রাণিত হয়ে একটি অনবদ্য ফুটবল টিম হিসেবে গড়ে উঠেছে। এটা এমন একটা সময়ের কথা বলে, যখন সত্যিই জার্মানিতে স্কুলগুলিই ছিল ফুটবলার তৈরির আঁতুড়ঘর। তখন সেই দেশের সংবাদমাধ্যম ফুটবলকে বলত ব্রিটিশদের অসুখ।





Soleen Yusef

## Winners

Germany | 2024 | 119 min

A foreign country, a new school, no friends: For Mona, arriving in Berlin after fleeing Syria is tough. As a talented footballer, she is accepted into the girls' team, but coming together as a team is anything but easy. 'Winners' is an energetic story about the challenges of being a refugee child, the unifying power of football, and about friendship.

সিরিয়ার উদ্‌বাস্তু মেয়ে মোনা আসে জার্মানির বার্লিন শহরে। সম্পূর্ণ ভিন্ন পরিবেশে, নতুন স্কুলে বন্ধুহীন মোনা অসহায় বোধ করে। মোনা ভালো ফুটবল খ্যালে। তাই সে যোগ দেয় স্কুলের ফুটবল দলে। সেখানে কি সফল হয় সে? এই ছবি আমাদের এক উদ্‌বাস্তু মেয়ের হার-না-মানা লড়াই, বন্ধুত্ব ও সমন্বয় গড়ে তোলার ক্ষেত্রে ফুটবলের ইতিবাচক ভূমিকা তুলে ধরে।







নির্মল ধর চলচ্চিত্র সমালোচক

# এই ছবিগুলো মিস কোরো না

খুদে দর্শক বন্ধুরা, তোমরা তো জানোই এই বছরের শিশু কিশোর চলচ্চিত্র উৎসবের মূল বিষয় 'গুপ্তধনের সন্ধান'। সুতরাং এই সিরিজের একগুচ্ছ বাংলা ছবি থাকছে তোমাদের জন্য। এবার তার সঙ্গে আনা হয়েছে বিদেশেরও বেশ কিছু সিনেমা, যেখানে তোমরা দেখতে পাবে সেই গুপ্তধনের খোঁজে বেরিয়ে শুধু হারিয়ে-যাওয়া বা লুকিয়ে-রাখা অতীতের ধনসম্পদের পাশাপাশি সেই খোঁজের মধ্যে অ্যাডভেঞ্চারের নানা ঘটনাও। যেমন ইরানের ছবি, হুসেন ঘামাতের 'রোবট গার্ল'। একটি মেয়ের বাড়ির দরজায় এসে পৌঁছোয় বিরাট বাক্সে ভরা এক রোবট-পুতুল। কঠিন অঙ্ক থেকে বিজ্ঞানের সব ফর্মুলা তার কণ্ঠস্থ। স্কুলে সে সবার 'প্রথম'। কিন্তু রোবট পুতুলটি তো চলে বিদ্যুতে। যদি একবার চার্জ কমে যায়, রোবটের অবস্থা তখন একেবারে চিত্তির। কী ভীষণ মজার ছবি না! তারপর ধরো চিন থেকে 'হোম অন দ্য ট্রি' নামের ছবিটা! ঝা ওয়াং নামের একটা বিচ্ছু ছেলে। তোমাদেরই অনেকের মতো ক্লাসে শুধু দুষ্টুমিপনা। পড়াশুনোয় শূন্য। ক্লাসে এক নতুন দিদিমণি মিস তেন এসে ঝা-কেই ক্লাসের লাইব্রেরিয়ান করে দেয়। নতুন 'কাজ' পেয়ে ঝা ওয়াং পালটে যায়। তেন দিদিমণির সঙ্গে ভালো বন্ধুত্ব হয়। ঝা মন দেয় পড়াশোনায়, বদলাতে থাকে। তেন দিদিমণি স্কুল ছেড়ে চলে গেলেও ঝা ওয়াং ভালো ছাত্র হয়ে উঠতে থাকে।

হাঙ্গেরির ফিল্‌ম স্কুলের ছাত্রী নোরা লাকোসের বানানো 'আই অ্যাক্সিডেন্টালি রোট এ বুক' চেক রিপাবলিকের ফিল্‌ম ফেস্টিভ্যালে পুরস্কারও জিতেছে। তেরো বছরের কিশোরী নিনা মুখেমুখে যেমন গল্প বানাতে পারে, পারে লিখতেও। ওর মা মারা গেছেন আগেই। ভাই জুনিয়র আর ফিল্‌মমেকার কাকার সঙ্গেই থাকে নিনা। জীবনে এক নতুন বন্ধু আসে তার, যে তাকে উৎসাহ দেয় লিখতে। ধীরে ধীরে সে বুঝতে পারে, তার লেখার মধ্যেই নিজের জীবন ঢুকে পড়ছে।

জার্মানির 'আকিকো দ্য ফ্লায়িং মাঙ্কি' দেখলে বুঝবে, অ্যানিমেশনের সঙ্গে জীবন্ত বাস্তব চরিত্র মানুষ এবং সত্যিকারের জীবজন্তু মিলেমিশে কেমন মজা করা যায়। আকিকো নামের একটা ছোট্ট বাঁদর জার্মানির এক চিড়িয়াখানার খাঁচায় বন্দি পশুপাখিদের নিয়ে নিজেও পালাতে চায়! চিড়িয়াখানা থেকে বেরিয়ে সে ইগল-বানর-গিরিগিটির সঙ্গে সব পশুপাখিকেও মুক্ত করবে, ভাবে। জার্মানির আরও একটা ছবি রয়েছে গুপ্তধনের সন্ধানে সিরিজে। 'পেপারকর্নস অ্যান্ড দ্য সিক্রেট অব ডিপ সি' ছবিতে সারা পৃথিবীর সমুদ্রে ছড়িয়ে-থাকা ভাসমান বর্জ্য নিয়ে গবেষণা করছিলেন তরুণ নামে এক ভারতীয় কিশোরের মা। এইসব ভাসমান বর্জ্য সংগ্রহ করে আন্তর্জাতিক চক্রের ব্যবসায়ীরা প্রচুর মুনাফা করে। তাদের সঙ্গে সংঘাতে গিয়ে শেষমেশ উদ্ধার করে।

ব্রিটেন থেকে আনা পরিচালক গাই রিচির ছবি গোয়েন্দা শিরোমণি খোদ শার্লক হোম্‌সকে নিয়েই। উনিশ শতকের শেষ পর্বের লন্ডন শহর কাহিনির পটভূমি। লর্ড ব্ল্যাকউডের খুনখারাপির তদন্তে নেমে শার্লক হোম্‌স খোঁজ পায় ক্ষমতালিপ্সু রাজনীতির এক চক্রের।

নতুন এবং অনামি দেশ কুর্দিস্তান থেকে এসেছে মানো খলিলের ছবি 'নেইবারস'! সেরো নামে এক কিশোরের চোখ দিয়ে সিরিয়া থেকে তাড়িয়ে-দেওয়া কুর্দিশ মানুষদের অবস্থা যেমন দেখানো হয়েছে, তেমনই সিরিয়াতে বাস-করা কুর্দদের অসহায় অবস্থাটাও রয়েছে। তুরস্ক আর সিরিয়ার সীমান্ত-ঘেঁষা গ্রামটিতে দু-দেশেরই মানুষ বন্ধুত্ব ও সম্প্রীতির সঙ্গে বাস করে আসছে দীর্ঘ সময়। রাজনীতি আর ঝুটো জাতীয়তাবাদ কীভাবে ছোটোদের মনকেও বিষিয়ে দিতে চায়, তার বিরুদ্ধে এই ছবি। সব ঘটনাই দেখানো হয়েছে সেরোর চোখ দিয়ে। বড়োরাই যে ছোটোদের মন বুঝতে চায় না!!

ছুটির ক-টা দিন ফিল্‌ম উৎসব মিস কোরো না যেন!

# WORLD CINEMA



# Director



Jared Bush



Byron Hoard



Rich Moore





## Zootopia

USA | 2016 | 108 min

Zootopia is a land of mystery and wonders, where dwells every type of animals like that of elephants to oppusum. The humanly attributes make it more interesting, Judy Hopps, a rabbit, joins the police forces and gets an idea on how difficult it is to exercise laws. In order to prove her abilities, she is engaged in an investigation but a cunning fox, Nick Wild appears to make the work difficult.

জুটোপিয়া এক আজব দেশ। সেখানে বাস করে হাতি থেকে ছুঁচো সব ধরনের প্রাণী। খরগোশ জুডি হপ্‌স সেই শহরের পুলিশ বিভাগে যোগদান করে এবং অচিরেই বুঝতে পারে এখানে আইন যথাযথভাবে প্রয়োগ করা কত কঠিন। ইতিমধ্যে একটি জটিল তদন্তে দৃঢ়প্রতিজ্ঞ জুডি নিজেকে প্রমাণ করতে উদ্যোগী হয়। কিন্তু সেই তদন্তে এক ধূর্ত শেয়াল নিক ওয়াইল্ড তার কাজ উত্তরোত্তর কঠিন করে তোলে। শেষ পর্যন্ত জুডি পারবে কি নিজের কাজে সফল হতে?

# Director


Chris Sanders


Dean Debios





## How to Train Your Dragon

UK/USA/France | 2010 | 98 min

The son of captain of Norway Island, Hiccup is way ahead of his time. His community has a tradition to fight with the dragons, but he refuses to accept this tradition. In spite of his dislike, he is forced to go to the school to train himself against the dragons. In this journey, he meets some injured dragons and gets a new meaning of life.

নরওয়ের বার্ক দ্বীপের গোষ্ঠীপতির কিশোর পুত্র হিক্কাপ। তাদের গোষ্ঠীর এক বিচিত্র নিয়ম হল ড্রাগনের সঙ্গে লড়াই। কিন্তু মানসিক দিক থেকে হিক্কাপ অনেক বেশি প্রগতিশীল। তাই সে এই নিয়ম মানতে চায় না। তবুও নিজেকে একজন প্রকৃত ভাইকিং হিসাবে প্রতিষ্ঠা করার জন্য সে ড্রাগন লড়াইয়ের স্কুলে যায়। সেখানে তার বন্ধুত্ব হয় এক আহত ড্রাগনের সঙ্গে, যার ফলে সে জীবনের নতুন মানে খুঁজে পায়।

# Director


Nick Park


Steve Box





## Wallace & Gromit: The Curse of the Were-Rabbit

UK/USA | 2005 | 85 min

The entire story revolves around Wallace and his pet dog Gromit. A pest control business has been started by them as well. As, their business progresses, a young lady Tottingham contacts them for getting rid of the rabbits in her garden. The story becomes more interesting when, Wallace and Victor become each other's opponent to impress Miss Tottingham and get hold of those rabbits.

ওয়ালেস ও তার পোষা কুকুর গ্রমিটকে কেন্দ্র করে গড়ে উঠেছে এই সিরিজের গল্প। তারা পোকামাকড় মারার ব্যাবসা শুরু করে। টটিংহম নামে এক সুন্দরী মহিলা তার খেতের ফসল খরগোশের অত্যাচার থেকে রক্ষা করতে তাদের কাজে নিযুক্ত করে। এদিকে ওয়ালেস ও ভিক্টর দুজনেই রূপসি টটিংহমকে খুশি করতে একে অপরের প্রতিদ্বন্দ্বী হয়ে ওঠে। শেষ পর্যন্ত ওয়ালেস কি পারবে খরগোশ ধরতে? খুশি করতে পারবে টটিংহমকে?


# Director



Mike Mitchell







## Shrek Forever After

USA/France | 2010 | 93 min

The story of Shrek is a bit different. After getting married, Shrek started living a normal life, but with the passage of time, he started feeling low and started considering himself as a human-eating monster. Rumpelstiltskin, who has the ability to change paddy straws into gold, had a contract with Shrek which ultimately resulted in a foul play. The contract took him to a different land where Fiona wasn't present and Rumpelstikin ruled. Shrek tries his best to get out of this trap to get back to his beloved place.

বিয়ের পরে বেশ কিছুদিন একদম ঘরোয়া জীবন কাটায় শ্রেক। কিন্তু ক্রমশ জীবন তার কাছে একঘেয়ে হয়ে ওঠে এবং নিজেকে সত্যিই মানুষখেকো রাক্ষস মনে হতে থাকে। রামপলস্টিলস্টিকিন, যে খড়কে সোনায় বদলে দিতে পারে, তার শ্রেকের এক চুক্তি হয়। কিন্তু এই চুক্তি এক প্রতারণা। এই চুক্তি তাকে নিয়ে যায় সম্পূর্ণ ভিন্ন এক জগতে, যেখানে ফিয়োনার সঙ্গে তার দেখা হয় না, সেখানে রাজত্ব করে রামপলস্টিলস্টিকিন। শিকার করা হয় রাক্ষসদের। সে এই জগৎ থেকে মুক্তির পথ খোঁজে।

# Director



Henry Selick





## Coraline

USA | 2009 | 100 min

A young girl Coraline, discovers a hidden door in their new house. A different world lies behind that door which almost resembles the magical and funny world imagined by Coraline. The problem arises when she gets trapped in the other world, as the parents and other members of the new world do not want to let her go. In order to come back, Coraline needs to make use of her powers to get out of the other world.

নতুন বাড়িতে এসে ঘুরে দেখবার সময় এক গোপন দরজা খুঁজে পায় ছোট্ট মেয়ে কোরালাইন। সেই দরজার ওপাশে আছে এক অন্য জগৎ। জায়গাটাকে অবিকল কোরালাইনের নিজের পৃথিবীর মতোই দেখতে হলেও, তার চেয়েও অনেক বেশি মজার। ব্যাপারটা দারুণ লাগে কোরালাইনের। কিন্তু যখন সেই অন্য জগতে পরিবারের অন্য মা এবং অন্যান্যরা কোরালাইনকে ওখানেই চিরকালের জন্য রেখে দিতে চায়, তখন গোলমাল বাধে। নিজের পরিবারের কাছে ফিরে আসতে হলে কোরালাইনকে তার সমস্ত ক্ষমতা ও সাহসকে কাজে লাগাতে হবে।

# Director



Chris Renaud



Pierre Coffin






## Despicable Me

USA/France | 2010 | 95 min

Super villain Gru has the ultimate fun in creating some amount of chaos. His present goal is to steal the moon by any chance with his friends which include, yellow coloured minions and exciting instruments. He is ready to face any kind of danger but the most dangerous of all things lie ahead. Three orphaned girls, who desperately want to make Gru their father.

সুপারভিলেন গ্রু-র যত আনন্দ দুষ্টু বুদ্ধি আঁটায়। তার মাথায় খেয়াল চেপেছে, চাঁদটাকেই চুরি করবে। সঙ্গে আছে একঝাঁক বন্ধু। তাদের মধ্যে আবার আছে একদল হলুদ রঙের ভৃত্য এবং দারুণ সব যন্ত্রপাতি। সে যে-কোনও বিপদের মুখোমুখি হতেই প্রস্তুত। যদিও তার জানা নেই যে জীবনের সব থেকে বড়ো বিপদের সম্মুখীন হতে সে যাচ্ছে। তিনজন অনাথ বালিকা প্রাণপণে চেষ্টা করছে, যাতে গ্রু তাদের বাবা হয়।

# Director



Andrew Adamson





## Narnia: Prince Caspian

UK/USA | 2008 | 150 min

The Pevnis Family is on another adventurous quest and is now on the way to the magical world of Narnia. On reaching Narnia, they realize that 1300 years have passed and the war has begun again. The children along with the prince Caspian are to lead the war and free it from the torturous King Miraz.

আগের অভিযানের এক বছর পর পেভেনসি পরিবারের ভাইবোনেরা ফিরে যায় নার্নিয়ার সেই জাদুর জগতে এবং বুঝতে পারে, সেখানে কেটে গেছে তেরোশো বছর। আবারও যুদ্ধ শুরু হয়েছে। বাচ্চারা যোগ দেয় রাজকুমার ক্যাস্পিয়ানের দলে। অত্যাচারী রাজা মিরাজকে ক্ষমতা থেকে সরিয়ে শান্তি ফিরিয়ে আনতে হবে তাদের।



Dong Xinwen



Xiapukati Mulati

# Director





## The Little Horsewhip

China | 2023 | 76 min

The story is set in the backdrop of the Altey region of Xinjiang, and revolves around the story of Kazakh boy Angsar. He dreams of being a horse rider but doesn't have one. He ultimately overcomes all the hardships and learns horse-riding and becomes a trained horse rider.

জিংঝিয়াং-এর অল্টে প্রদেশে বাস করে কাজাখ বংশের ছেলে আংসার। তার স্বপ্ন, সে বড়ো হয়ে অশ্বারোহী হবে। যদিও তার নিজের কোনও ঘোড়া নেই। কিন্তু কঠিন অধ্যবসায়ের সঙ্গে সে সব বাধা অতিক্রম করে, অশ্বারোহণ শেখে এবং ক্রমশ পরিণত হয় একজন দক্ষ অশ্বারোহীতে।

# Director



Yu Fei



## Little Canned Man

China | 2021 | 94 min

A young girl Luzizi discovers some weird humans in her meat container. The humans present are of the size of a matchstick or even shorter than that. They are well versed with different skills such as martial arts, singing and can even speak nonstop. Lu and her brother PiPi Lu become friends with the little humans who also help them in their studies but the journey doesn't turn out to be a smooth one.

কিশোরী লু জিজি একটি মাংসের টিন খুলে কতকগুলো অদ্ভুত মানুষকে দেখতে পায়। দেশলাই কাঠি কিংবা তার থেকেও ছোটো মাপের এই মানুষগুলি প্রত্যেকে অসামান্য কিছু গুণের অধিকারী। কেউ খুব ভালো গান গায়, আবার কেউ-বা মার্শাল আর্টে সুদক্ষ, আর কেউ হয়তো-বা একাধিক ভাষায় অনর্গল কথা বলতে পারে। লু ও তার ভাই পি পি লু-র সঙ্গে এই ছোট্ট মানুষগুলির খুব বন্ধুত্ব হয়ে যায়। তারা এই দুই ভাইবোন এবং তাদের বন্ধুদের পড়াশোনায় নানাভাবে সাহায্য করে। যদিও তাদের কাজ খুব একটা সহজ হয় না। আসে নানা প্রতিবন্ধকতা। শেষ পর্যন্ত কী হবে?

# Director



Sun Jie





## Zhengzheng's World

China | 2018 | 90 min

Zhengzheng, a young woman, travels from North China to the sprawling industrial heart of Dongguan, searching for her missing husband. In her tow is her son, Xin Xin, who lives with autism. In a city of a thousand factories and unfamiliar faces, Zhengzheng is entirely alone. Yet, armed only with her sharp wit and an unwavering spirit, she navigates the unknown. This is a gripping tale of resilience.

নিখোঁজ স্বামীর খোঁজে উত্তর চিন থেকে দংগুয়ানের শিল্পনগরীতে পাড়ি দিয়েছেন তরুণী ঝেংঝেং। সঙ্গে আছে বিশেষভাবে সক্ষম তাঁর ছোট্ট শিশু শিন শিন। হাজার হাজার কলকারখানা আর অচেনা মুখে গিজগিজ-করা এই অপরিচিত শহরে ঝেংঝেং একা। কিন্তু প্রখর বুদ্ধি, রসবোধ আর হার-না-মানা জেদকে সঙ্গী করে তিনি লড়ে যান এক অজানা ভবিষ্যতের সঙ্গে। চরম প্রতিকূলতার মুখেও হাল না ছেড়ে দেওয়ার এক অনন্য কাহিনি।



Xiaoning Feng

# Director







## Animal Rescue Squad

China | 2019 | 104 min

A ship which was already affected by a poisonous substance is again attacked by the pirates. There's a girl in the ship with an extraordinary power who can speak with animals in their language and also has the ability to save the ship from the hands of the pirates.

বিষাক্ত পদার্থবাহী একটি জাহাজ জলদস্যুদের দ্বারা আক্রান্ত হয়। সেই জাহাজে আছে অদ্ভুত গুণের অধিকারী একটি মেয়ে। সে পশুদের সঙ্গে তাদের ভাষায় কথা বলতে পারে। একমাত্র সে-ই জলদস্যুদের কবল থেকে মুক্ত করতে পারে জাহাজটিকে।

# Director


Csákovics Lajos


Marcell Jankovics





## Toldi

Hungary | 2022 | 103 min

This animated film is based on János Arany's famous poem, 'Toldi'. Miklós Toldi dreams of getting conferred the honorary title of Knight. He flees to Buda after killing a man, facing many great dangers on his long journey. He passes every tricky challenge, proves his strength to the King, and finally earns his Knight title.

ইয়ানোস আরানের প্রখ্যাত কবিতা 'তোলদি'র অবলম্বনে নির্মিত এই অ্যানিমেশন ছবি। 'নাইট' উপাধিলাভের স্বপ্নে বিভোর মিকলস তোলদি এক ব্যক্তিকে হত্যা করে পালিয়ে যায়। তার গন্তব্য বুদা। যাত্রাপথে সে সম্মুখীন হয় নানা বিপদের। সবরকম বাধাবিপত্তি অতিক্রম করে সে রাজার কাছে নিজের যোগ্যতা প্রমাণ করে এবং নাইট উপাধি লাভ করে।

# Director



Dauletzhan Makhmut



## The Globe

Kazakhstan | 2024 | 70 min

This film explores youth, identity, and moral choice in contemporary Kazakhstan. Centred on a young protagonist facing social pressure and personal uncertainty, the film reflects on ambition, friendship, and responsibility. With a grounded, realistic tone, The Globe captures the emotional conflicts of growing up in a rapidly changing society.

আজকের কাজাখস্তানের প্রেক্ষাপটে তারুণ্য, আত্মপরিচয়ের সন্ধান আর ঠিক-বেঠিকের দোলাচল নিয়ে এই কাহিনি। গল্পের কেন্দ্রে আছে একজন কমবয়সি, যে সমাজের চাপ এবং নিজের মনের ভেতরের দ্বিধাদ্বন্দ্বের সঙ্গে প্রতিনিয়ত লড়ে চলেছে। স্বপ্ন, বন্ধুত্ব আর দায়িত্ববোধের মতো বিষয়গুলি এইখানে উঠে এসেছে সহজভাবে। চারপাশ যখন দ্রুত পালটাচ্ছে, তখন বড়ো হয়ে ওঠবার পথে মনের ভেতরে যে তোলপাড় চলে, 'দ্য গ্লোব'-এ সেটাই দেখানো হয়েছে বাস্তব ঢঙে।



## Mika

Kazakhstan | 2023 | 82 min

Director: Aldan Baimakhanov


Seven-year-old orphan Mika lives in the city with her grandfather. Wherever they go, people are charmed by the odd couple. Until embittered top model Dayana lays her eye on the little girl, who carries an amiable purity. The lives of both ladies–big and small–suddenly take a new turn, for better or worse.

সাত বছরের মেয়ে মিকার মা-বাবা নেই, শহরে থাকে দাদুর সঙ্গে। এই দাদু-নাতনি জুটিকে দেখে মানুষজন মুগ্ধ। কিন্তু গল্পের মোড় ঘোরে তখন, যখন দায়ানা নামের খিটখিটে মেজাজের একজন মডেলের নজর পড়ে মিকার ওপর। মিকার চেহারায় ছিল এক মায়াবী সরলতা। এই দুজন নারীর জীবনে একজন বয়সে ছোটো আর অন্যজন বড়ো নতুন বাঁক আসে, তা সে ভালোর জন্যই হোক বা মন্দের।

# Director




Alessandro Rak



## Yaya e Lennie: The Walking Liberty

Italy | 2021 | 110 min

The planet Earth is on the verge of destruction and nature has taken over the charge to make a new society. Some are happy with this development of society and some aren't as they want to live life independently. Among them, two individuals Yaya and a mentally challenged individual with a height of 8 ft, assemble together for the fight of their existence.

ধ্বংসের মুখে পৃথিবী। প্রকৃতি এখন সেখানে তৈরি করবে এক নতুন সমাজ। যদিও সবাই এই সমাজকে মেনে নেয় না। তারা নিজেদের মতো বাঁচতে চায়। এমনই দুজন হল পনেরো বছরের এক মিশ্র জাতির মেয়ে ইয়া ইয়া ও মধ্য তিরিশের আট ফুট লম্বা কিন্তু মানসিকভাবে প্রতিবন্ধী এক মানুষ। তারা একত্রে অস্তিত্বরক্ষার লড়াইয়ে নামে।

# Director



Nóra Lakos







## I Accidentally Wrote a Book

Hungary | 2024 | 98 min

Twelve-year-old Nina dreams of becoming a super writer! Inspired by her quirky, wandering neighbour, she finally starts writing her book. Her story spills her family's unknown secrets. This amazing adventure helps her find her true self!

বারো বছরের কিশোরী নিনার স্বপ্ন যে সে একদিন লেখক হবে। তার প্রতিবেশী এক অদ্ভুত, ভবঘুরে ব্যক্তির অনুপ্রেরণায় নিনা লিখতে শুরু করে। তার লেখার মধ্যে বেরিয়ে আসে পরিবারের নানা গোপন কাহিনি। এই অভিজ্ঞতার মধ্যে দিয়ে আসলে নিনা আবিষ্কার করে নিজের প্রকৃত সত্তা।

# Director



Zsolt Pálfi



Csaba Máli



## The Quest

Hungary | 2025 | 82 min

A princess from a land sets off to find real happiness. This magical journey is full of surprising adventures. Tricky giants, witches, fairies fill her bittersweet path. She finally finds true peace and love at the end of her quest.

জীবনের প্রকৃত আনন্দ খুঁজতে বেরোয় এক দেশের এক রাজকন্যা। এই মায়াবী যাত্রায় তাকে নানা বিচিত্র অভিজ্ঞতার সম্মুখীন হতে হয়। এই ভালোমন্দ-মেশানো যাত্রায় তার আলাপ হয় দুষ্টু দৈত্য থেকে শুরু করে ডাইনি, পরি এরকম আরও অনেকের সঙ্গে। যদিও যাত্রার শেষে রাজকন্যা জীবনের সত্যিকারের আনন্দ আর শান্তির সন্ধান পায়।

# Director



Anna BLaszkzyk



## Hug Me. Honey Seekers

Poland | 2022 | 100 min

A day before his birthday, Teddy, the bear cub dreams of experiencing his first big adventure–a journey to the legendary Golden Land. On the contrary, Daddy seems far less excited as he prefers to spend time indoors, having some long and relaxing naps. In order to fulfill his dream, Teddy will have to convince Daddy that a journey to Golden Land can be enjoyable for both of them and what is more–that he is mature enough to start a real adventure. Following some mysterious tips given by the bees the bears will reach the edge of the forest, where they will confront the biggest puzzle–the mesmerizing yet puzzling world of humans.

আর একদিন পরেই তার জন্মদিন। ভালুকছানা টেডির স্বপ্ন সে যেহেতু এখন বড়ো হয়ে গেছে তাই এবার যাবে সেই গল্পের সোনালি দেশে। সেটাই হবে তার জীবনের প্রথম রোমাঞ্চকর অ্যাডভেঞ্চার। কিন্তু তার বাবার এসবে কোনও আগ্রহ নেই। তার ইচ্ছে ঘরে থেকে বেশ একটা লম্বা আরামের ঘুম দেওয়া। নিজের স্বপ্নপূরণ করতে হলে টেডিকে তাই বাবাকে বোঝাতে হবে যে, প্রথমত, সে এখন যথেষ্ট বড়ো হয়ে গেছে আর ওই সোনালি দেশে যাওয়াটা তাদের দুজনের জন্যই ভারী উপভোগ্য হতে পারে। মৌমাছিদের দেওয়া কিছু অদ্ভুত পরামর্শ মেনে দুই ভালুক এসে উপস্থিত হয় জঙ্গলের প্রান্তে। এখানেই তারা মুখোমুখি হয় সব থেকে বড়ো বিস্ময়ের। এক চোখধাঁধানো, বিস্ময়কর মানুষের জগৎ।

# Director



Vojtech Shakaty





## The Other Side of Summer

Czech Republic | 2024 | 115 min

Best friends Betka and Alma spend a dull summer at a lakeside cottage under the supervision of Betka's older sister Marie. Until Alma meets Aneta, whom she follows to an island in the middle of the lake. There she discovers a mysterious pool that can transport a person anywhere in the world.

লেকের ধারে ছোট্ট বাড়িতে গ্রীষ্মকালটা বেশ একঘেয়ে কেটেছিল বেটকা ও আলমার। তাদের দেখাশোনার দায়িত্বে ছিল বেটকার দিদি মেরি। কিন্তু তারপর আলমার সঙ্গে আলাপ হয় আনিটা নামে একটি মেয়ের। সে তাকে নিয়ে যায় লেকের মাঝে এক দ্বীপে। সেখানে আছে এক আশ্চর্য জলাশয়, যা কোনও মানুষকে বিশ্বের যে-কোনও জায়গায় নিয়ে যেতে পারে।

# Director



Mano Khalil





## Neighbours

Switzerland (Kurdish) | 2021 | 123 min

With a fine sense of humour and satire, the film tells of a childhood, which, between dictatorship and dark drama, also has its light moments. How much friendship, love and solidarity are possible in times of repression and despotism?

সূক্ষ্ম কৌতুক আর ব্যঙ্গের মধ্যে দিয়ে এই ছবি এমন এক ছোটোবেলার গল্প বলে, যেখানে স্বৈরতন্ত্র আর কঠিন জীবনের মাঝেও লুকিয়ে থাকে আনন্দের ছোটো ছোটো মুহূর্ত। প্রশ্ন তোলে, শোষণ আর অত্যাচারের মধ্যেও ভালোবাসা, সহানুভূতি আর পারস্পরিক নির্ভরতা কি কাজ করতে পারে?

# Director



Katerina Karhánková



Tomáš Pavlícek





## The Bugaboo

Czech Republic | 2025 | 77 min

The story begins at the moment when the parents of twelve-year-old Nikca and six-year-old Tomas leave for the weekend, and the children have their apartment to themselves for the very first time. And without supervision! Nikca decides to put her little brother away in his room and invite her friend Gabca over, planning to order pizza, watch a horror movie on video, and just have fun. But watching a forbidden scary film is not meant for them. Instead, they experience a small horror encounter of their own. It begins when Ondra, a hungover high school senior, suddenly shows up. The peace is further disturbed by Tomas, who cannot stay in his room. After all, he has a Bugaboo under his bed, and it is just crawling out. The girls' weekend is simply ruined, and it turns out that Tomas is not the only one who "has a monster under the bed". Each of them is afraid of something. Even the Bugaboo himself.

গল্প শুরু যখন বারো বছরের নিকচা আর ছয় বছরের টমাসকে বাড়িতে রেখে তাদের মা-বাবা সপ্তাহের শেষে বাইরে যান। এই প্রথমবার গোটা ফ্ল্যাটটা নিজেদের দখলে পেয়েছে বাচ্চারা। নিকচা ছোটোভাইকে তার ঘরে পাঠিয়ে দিয়ে বন্ধু গাবচাকে ডাকে। তাদের প্ল্যান ছিল, পিৎজা অর্ডার করে ভূতের ছবি দেখবে। তাতেই দারুণ জমবে আড্ডা। কিন্তু এক নিষিদ্ধ ভয়ের সিনেমা দেখা তাদের কপালে ছিল না। বরং নিজেরাই পড়ে যায় ছোটো এক ভয়ের ঘটনার মুখে। তাদের স্কুলের বেয়াড়া সিনিয়র ছেলে ওন্দ্রা হঠাৎ এসে পড়লে গণ্ডগোলটা শুরু হয়। ঝামেলা আরও বাড়ায় টমাস। সে বলে যে, সে ঘরে থাকতে পারছে না। কারণ, তার খাটের নীচে আছে বাগাবু! আর সেই বাগাবু নাকি হামাগুড়ি দিয়ে বেরিয়ে আসছে। মেয়েদের সপ্তাহশেষের ছুটিটা পুরোপুরি বরবাদ হয়ে যায়। জানা যায়, খাটের নীচের 'দানব' শুধু টমাসের একার আতঙ্ক নয়। প্রত্যেকেই কিছু না কিছুতে ভয় পায়। এমনকি বাগাবু নিজেও।

# Director



Patrick Raats





## Benjamin Bat

Netherlands | 2024 | 80 min

You won't believe it, but Benjamin Bat, the hero of this animation, has a big problem: he's afraid of the dark!
That's pretty awkward for an animal that normally lives in the dark. During the day, he risks his life scavenging for food as he needs to watch out for the sun and birds. To complicate matters even further, he falls in love with a tropical songbird. Will he cope in broad daylight after this?

সবচেয়ে অদ্ভুত ব্যাপার হল এই গল্পের নায়ক এক বাদুড়, যার নাম বেঞ্জামিন, সে বাদুড় হলে কী হবে, অন্ধকারকে খুব ভয় পায়। দিনের বেলাতে সে নানা বিপদের ঝুঁকি নিয়ে খাবারের খোঁজে বের হয় নানা জায়গাতে। এই বিপদের মধ্যেই বেঞ্জামিনের আবার ভালো লাগে একটা গাইয়ে-পাখিকে। সে কি শেষ পর্যন্ত দিনের আলোকে মানিয়ে নিতে পারবে?

# Director



Zhang Zhonghua





## Home in the Tree

China | 2024 | 96 min

This is a childhood story that happened in rural Shaanxi province of China in the late 1990s. In the eyes of teachers and parents, elementary school student Ba Wang Chaoguo is a mischievous and careless student. He turns a big tree in the field into his "good place" and hides all the "fun" things on top of it. The child's nature brought struggles with the adult world, until one day, his situation changed due to a volunteer teacher named Miss FenTi.

নয়ের দশকের শেষদিকে গ্রামীণ চিনের শানশি প্রদেশের একটি ছোটো ছেলের গল্প। স্কুলের নীচু ক্লাসের পড়ুয়া বা ওয়াং চাওগুয়োকে স্কুলের শিক্ষক কিংবা অভিভাবকরা দুষ্টু আর অমনোযোগী বলেই মনে করে। কিন্তু সে নিজের মতো থাকতে ভালোবাসে। মাঠের একটা মস্ত বড়ো গাছকে সে নিজের গোপন খেলার জায়গা বানিয়ে নেয় আর গাছের মগডালে তার সব মজার জিনিসপত্র লুকিয়ে রাখে। বড়োদের জগতের সঙ্গে মোটেই বনে না বা ওয়াং-এর। এরপর তাদের স্কুলে আসেন ফেন তি নামে এক শিক্ষিকা। তাঁর চেষ্টায় এবং সান্নিধ্যে বা ওয়াং-এর জীবন বদলে যায়।

# Director



Alê Abreu



## The Boy and the World

Brazil | 2013 | 80 min

Feeling the absence of his father, a boy leaves behind his quiet life in his village and mother in search of him, only to discover a world filled with strange people and machinery through his multi-coloured and abstract eyes.

একটি বালক তার বাবা যে নেই, সেটা অনুভব করে। তাই তার মা এবং গ্রামের শান্ত জীবন পেছনে ফেলে সে তার বাবার সন্ধানে বেরিয়ে পড়ে। শেষ পর্যন্ত সে নিজের রঙিন ও কল্পনায় ভরা চোখে এমন এক পৃথিবী আবিষ্কার করে, যা অদ্ভুত মানুষ আর অস্ত্রে ঠাসা।

# Director



Johannes Honsell





## Checker Tobi and the Treasure Hunt to the Flying Rivers

Germany | 2023 | 93 min

Almost every primary school child knows Checker Tobi and his popular science programme from TV. After the first and very successful feature film 'Checker Tobi and the Secret of Our Planet' from 2019, this docufiction also deals with the controversial topic of nature and the environment, which is visibly conveyed to a young audience with an overall enthusiasm.

টিভি-তে দেখানো চেকার টোবি ও তার জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক অনুষ্ঠান ছোটোবেলায় প্রায় সবারই দেখা। ২০১৯ সালে প্রথম সফল সিনেমা Checker Tobi and the Secret of Our Planet-এর পর, এই নতুন তথ্যনির্ভর ছবিটিও তৈরি হয়েছে পরিবেশ ও প্রকৃতি নিয়ে, যা অল্পবয়সি দর্শকদের কাছে মনোগ্রাহী উপায়ে তুলে ধরা হয়েছে।

# Director



Barbara Kronenberg





উলজা ফাংক জ্যোতির্বিজ্ঞানের ভক্ত। তার মা-বাবা এবং দিদা ওলগা হচ্ছেন লেমহাইম গির্জার গায়কদলের সদস্য। সেই গায়কদলকে উলজা তার নতুন আবিষ্কার সম্বন্ধে জানাতে চায়। কিন্তু কেউ সেই বিষয়ে আগ্রহী না-হওয়ায় শেষ পর্যন্ত হতাশ হয়ে সে নিজেই উদ্যোগী হবে, ঠিক করে। তার সহপাঠী হেংককে রাজি করায় তাকে সাহায্য করতে। হেংক গাড়ি চালাতে জানে, কিন্তু স্কুলে উলজার সাহায্য তার দরকার। তাকে উলজা বেলারুশের এমন একটি গ্রামে গাড়ি চালিয়ে নিয়ে যেতে বলে, যেখানে আর দু-দিনের মধ্যেই একটি ছোটো গ্রহাণু এসে পড়বে। কিন্তু শুরুতেই নানারকম গোলমাল শুরু হয়। তারা বুঝতে পারে যে, দিদিমা ওলগা গাড়ির ভেতরে আটকে গেছেন! কিছুক্ষণের মধ্যেই গির্জার লোকেরাও তাদের পিছু নেয়। ‘মিশন উলজা ফাংক’ হচ্ছে একটি দ্রুত গতির ও অদ্ভুত মজার ‘রোড মুভি’। এই ছবিকে সহজে কোনও একটা নির্দিষ্ট ধরনের মধ্যে বাঁধা যায় না। এটি বারো বছর বয়সের একজন গ্রহাণু গবেষকের কাহিনি, যে শুধু তার রুশ-জার্মান পরিবারে তোলপাড় ফেলে দেয় এমনটা নয়।

## Mission Ulja Funk

Germany | 2021 | 93 min

Ulja Funk is fascinated by astronomy and wants to give a lecture on her current findings to the choir congregation of the Lemheim Free Church to which her parents and her grandmother Olga belong. Frustrated by the lack of interest with which she is met, she secretly takes matters into her own hands. She convinces her classmate Henk, who can drive but needs help at school, to drive her to the village in Belarus where a small asteroid is due to hit in just within two days. The journey begins on the wrong foot when they discover her grandmother Olga trapped in the car, and soon the church congregation is on their trail. Mission Ulja Funk is a fast-paced and quirky road movie, one that is hard to fit in a box, about a 12-year-old asteroid researcher who doesn't rock just her Russian-German family's boat.

# Director



Christian Theede







## The Peppercorns and the Secret of the Deep Sea

Germany | 2021 | 94 min

This time around 'The Peppercorns' cross paths with a vicious international garbage mafia. The criminals not only want the wheels of their dubious business to continue running undisturbed, they also have their eyes on the valuable research results of a marine biologist. But they also weren't expecting the group of young detectives!

এইবারে ‘পেপারকর্নস’রা মুখোমুখি হবে এক ভয়ানক আন্তর্জাতিক বর্জ্য মাফিয়ার সঙ্গে। এই অপরাধীরা শুধু যে তাদের বেআইনি কারবার চালিয়ে যেতে চায় তা-ই নয়, এক সামুদ্রিক জীববিজ্ঞানীর মহামূল্যবান গবেষণার ওপরেও নজর পড়েছে তাদের। কিন্তু ওরা ভাবেনি যে একদল খুদে গোয়েন্দাও তাদের মোকাবিলা করার জন্য তৈরি!

# Director



Chris Columbus







## Harry Potter and the Philosopher's Stone

USA/UK | 2001 | 152 min

Adaptation of the first of J.K. Rowling's popular children's novels about Harry Potter, a boy who learns on his eleventh birthday that he is the orphaned son of two powerful wizards and possesses unique magical powers of his own. He is summoned from his life as an unwanted child to become a student at Hogwarts, an English boarding school for wizards. There, he meets several friends who become his closest allies and help him discover the truth about his parents' mysterious deaths.

জে কে রাউলিং-এর বিখ্যাত হ্যারি পটার সিরিজের প্রথম চলচ্চিত্র এটি। হ্যারি তার এগারো বছরের জন্মদিনে জানতে পারে, তার বাবা, মা—যাঁদের সে কখনও দেখেনি, তাঁরা দুজনেই জাদুকর ছিলেন। ক্রমশ হ্যারি বুঝতে পারে যে সে নিজেও জাদুক্ষমতার অধিকারী। জাদুকরদের নিজস্ব স্কুল হগওয়ার্টস থেকে তার ডাক আসে। সেখানে তার বন্ধুত্ব হয় রন ও হারমিয়োনির সঙ্গে। বন্ধুরা তাকে সাহায্য করে তার মা-বাবার রহস্যময় মৃত্যুর কারণ জানতে।



Chris Columbus

# Director




## Harry Potter and the Chamber of Secrets

USA/ UK | 2002 | 161 min

Forced to spend his summer holidays with his muggle relations, Harry Potter gets a real shock when he gets a surprise visitor: Dobby the house-elf, who warns Harry against returning to Hogwarts, for terrible things are going to happen. Harry decides to ignore Dobby's warnings and continues with his pre-arranged schedule. Strange and terrible things happen in Hogwarts. Harry hears mysterious voices from inside the walls, muggle-born students are attacked, and a message scrawled on the wall in blood scares everyone: "The Chamber of Secrets Has Been Opened. Enemies of the Heir, Beware!"

হ্যারি পটার, রন, হারমিয়োনি ও তাদের জাদুবিদ্যার স্কুল হগওয়ার্টসকে নিয়ে হ্যারি পটার সিরিজের দ্বিতীয় চলচ্চিত্র। একটি রহস্যময় ছোট্ট পুরুষ-পরি ডব্বি, হ্যারিকে হগওয়ার্টসে যেতে বারণ করে। কারণ, সেখানে বিপদের সম্ভাবনা আছে। কিন্তু হ্যারি তার কথা না শুনে স্কুলে ফিরে যায় এবং সেখানে সাংঘাতিক ঘটনা ঘটে। হ্যারি দেওয়ালের ভেতর থেকে অজানা লোকের কণ্ঠস্বর শুনতে পায়। কিছু ছাত্রছাত্রীর ওপর আক্রমণও হয়। দেওয়ালে দেখা যায়, রক্ত দিয়ে লেখা আছে—গোপন কক্ষের দরজা খুলে গেছে। শত্রুরা সাবধান! স্কুলের সবাই ভয় পেতে শুরু করে, হ্যারি ও তার বন্ধুরা কি রহস্যের জাল কাটিয়ে উঠতে পারবে?

# Director



Alfonso Cuarón







## Harry Potter and the Prisoner of Azkaban

USA/UK | 2004 | 142 min

Harry Potter is having a tough time with his relatives. He runs away after using magic to inflate Uncle Vernon's sister Marge, who was being offensive towards Harry's parents. Initially scared about using magic outside the school, he is pleasantly surprised that he won't be penalized after all. However, he soon learns that a dangerous criminal and Voldemort's trusted aide, Sirius Black, has escaped from Azkaban Prison and wants to kill Harry to avenge the Dark Lord. To worsen the conditions for Harry, vile creatures called Dementors are appointed to guard the school gates.

হ্যারির সঙ্গে তার আত্মীয়দের ঝামেলা চলছিল। তার কাকার আত্মীয়া মার্জেকে জব্দ করার জন্য জাদু ব্যবহার করে সে পালিয়ে যায়। মার্জে হ্যারির মা-বাবার সম্পর্কে খারাপ কথা বলত, তাই হ্যারি তাকে একেবারেই পছন্দ করত না। যেহেতু স্কুলের বাইরে জাদুবিদ্যা ব্যবহার করা নিষেধ, তাই প্রথমটায় সে শাস্তির ভয় পায়। কিন্তু পরে ওর কোনও শাস্তি হবে না বুঝে একটু অবাকও হয়। হ্যারি, রন ও হারমিয়োনি হগওয়ার্টস স্কুলে ফিরে এসে শোনে ভয়ংকর দুষ্কৃতী এবং ভলডেমার্টের কাছের লোক, সিরিয়াস ব্ল্যাক, আজকাবান কারাগার থেকে পালিয়েছে। সে চায় স্কুলের ক্ষতি ও হ্যারিকে মারতে। হ্যারির অবস্থা আরও খারাপ হয়, কারণ স্কুলের গেটের পাহারাদারির জন্য ডিমেন্টর নামে একঝাঁক অদ্ভুত জন্তু আসে, যারা হ্যারি ও তার বন্ধুদের জন্য খুবই বিপজ্জনক হয়ে ওঠে।

# Director



Mike Newell







## Harry Potter and the Goblet of Fire

USA/ UK | 2005 | 157 min


Harry's fourth year at Hogwarts starts. That same year, Hogwarts is hosting 'The Triwizard Tournament', a magical tournament between three well-known schools of magic: Hogwarts, Beauxbatons, and Durmstrang. The contestants have to be above the age of seventeen and are chosen by a magical object called 'The Goblet of Fire'. On the night of selection, however, the Goblet spews out four names instead of the usual three, with Harry unwittingly being selected as the Fourth Champion. Since the magic cannot be reversed, Harry is forced to go with it and brave three exceedingly difficult tasks.

হগওয়ার্টস স্কুলে হ্যারির এটি চতুর্থ বছর। জাদুবিদ্যার তিনটি নামকরা স্কুলের মধ্যে একটি জাদু টুর্নামেন্টের আয়োজন করে হগওয়ার্টস। প্রতিযোগীদের বয়স হতে হবে সতেরোর বেশি। একটি ম্যাজিক বস্তু ‘গবলেট অব ফায়ার’-এর সাহায্যে প্রতিটি স্কুল থেকে অংশগ্রহণকারীদের নির্বাচন করা হবে। বয়স সতেরোর বেশি না হলেও সকলকে অবাক করে হগওয়ার্টস স্কুল থেকে হ্যারির নাম উঠে আসে। কিন্তু ম্যাজিককে তো আর উলটোদিকে ঘোরানো যায় না। হ্যারিকে তাই এই কঠিন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতেই হয়।

# Director



David Yates



## Harry Potter and the Order of the Phoenix

USA/ UK | 2007 | 138 min

After a lonely summer on Privet Drive, Harry returns to a Hogwarts full of ill fortune. Dumbledore believes that Voldemort is really back. The ministry decided to step in by appointing a new Defense Against the Dark Arts teacher, Professor Dolores Umbridge, who proves to be the nastiest person Harry has ever encountered. To top it off, Harry has strange dreams and a mystery behind something for which Voldemort is searching, plagues him. Harry experiences one of his toughest years at Hogwarts School of Witchcraft and Wizardry.

প্রিভেট ড্রাইভে গোটা গ্রীষ্মের ছুটিটা একা কাটানোর পর, হ্যারি তার জাদুবিদ্যার স্কুল হগওয়ার্টসে ফিরে আসে ঠিকই, কিন্তু তার সামনে ছিল খুবই দুঃসময়। প্রফেসার ডাম্বলডোর বিশ্বাস করেন যে, বিপজ্জনক ভলডেমর্ট সত্যিই ফিরে এসেছে। স্কুল কর্তৃপক্ষ কালো জাদুর বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার জন্য নতুন অধ্যাপক ডলোরেস উমব্রিজকে নিযুক্ত করেন। কিন্তু তার মতো খারাপ লোক হ্যারি আগে দেখেনি। হ্যারি মাঝে মাঝেই একটি অদ্ভুত স্বপ্ন দ্যাখে, যার পেছনে আছে এমন এক রহস্য—আসলে ভলডেমর্ট যার খোঁজ করছে। হগওয়ার্টস স্কুলে হ্যারির কাছে এই বছরটা ক্রমশ কঠিন হয়ে ওঠে।

# Director



David Yates



## Harry Potter and the Half-Blood Prince

USA/ UK | 2009 | 153 Min

As Death Eaters wreak havoc in both Muggle and Wizard worlds, Hogwarts is no longer a safe haven for students. Though Harry suspects there are new dangers lurking within the castle walls, Dumbledore is more intent than ever on preparing the young wizard for the final battle with Voldemort. Meanwhile, teenage hormones run rampant through Hogwarts, presenting a different sort of danger. Love may be in the air, but tragedy looms, and Hogwarts may never be the same again.

ডেথ ইটাররা একদিকে জাদুকর, অন্যদিকে সাধারণ মানুষদের ক্ষতি করতে শুরু করে। হগওয়ার্টস স্কুল আর ছাত্রদের জন্য নিরাপদ নয়। হ্যারি সন্দেহ করে যে, দুর্গের দেওয়ালের মধ্যে নতুন বিপদ লুকিয়ে আছে। প্রফেসার ডাম্বলডোর ভলডেমর্টের সঙ্গে চূড়ান্ত যুদ্ধের জন্য তরুণ জাদুকরকে প্রস্তুত করতে থাকে। হ্যারি ভলডেমর্টের গোপন ক্ষমতা খুঁজতে বেরোয়। ইতিমধ্যে বয়ঃসন্ধির নিয়মে স্কুলেও তরুণ-তরুণীদের সম্পর্কে পরিবর্তন আসে। হগওয়ার্টসে জীবনের এক নতুন অধ্যায় শুরু হয়।

# Director



David Yates



## Harry Potter and the Deathly Hallows–Part 1

USA/ UK | 2010 | 146 min

Voldemort's power is growing stronger. He now has control over the Ministry of Magic and Hogwarts. Harry, Ron, and Hermione decide to finish Dumbledore's work and find the rest of the Horcruxes to defeat the Dark Lord. But little hope remains for the trio and the rest of the Wizarding World, so everything they do must go as planned.

ভলডেমর্টের ক্ষমতা ক্রমশ বাড়ছে। জাদুবিদ্যা আর হগওয়ার্টসের ওপর সে তার নিয়ম কায়েম করেছে। হ্যারি, রন আর হারমিয়োনে ঠিক করে ডাম্বলডরের অসম্পূর্ণ কাজ তারা শেষ করবে এবং হরক্রাক্সের অবশিষ্ট অংশ উদ্ধার করে তার সাহায্যে ডার্ক লর্ডকে ধ্বংস করবে। কিন্তু সে কাজ খুবই কঠিন। সাফল্যের আশা প্রায় নেই। তাই তাদের সব কিছুই করতে হবে খুবই পরিকল্পনামাফিক।

# Director



Harald Zwart







## The Karate Kid

USA/China | 2010 | 140 min

A young boy Dre along with his mother comes to China from Detroit. On joining a new school in China, he is often bullied by the children of his class. One day Dre is even beaten by them and is rescued by his neighbour Mr. Han. He teaches Dre martial art as well, in order to protect himself from all odds and later both Dre and Mr. Han become good friends.

মায়ের সঙ্গে ডেট্রয়েট থেকে চিনে এসেছে ছোটো ছেলে ড্রে। নতুন দেশে এসে নতুন স্কুলে ভরতি হয়েছে সে। কিন্তু স্কুলে সহপাঠীরা তাকে নানাভাবে হেনস্থা করে। একদিন তো তারা ড্রে-কে রীতিমতো মারধরও করে। ড্রে-র প্রতিবেশী হ্যান শেষ পর্যন্ত তাকে উদ্ধার করে। এরপর নিজেকে রক্ষা করার জন্য হ্যান ড্রে-কে মার্শাল আর্ট শেখান। পরে হ্যান আর ড্রে পরস্পরের চমৎকার বন্ধু হয়ে ওঠে।

# Director



Jon Watts



## Spider-Man: Homecoming

USA | 2017 | 133 min

Peter Parker, the main protagonist of the story comes back to normal life after the Civil War. He played an important role in the Civil War and is now contented. The superpowers that he possesses make him different from others. His new mentor is Tony Stark but he often tries to get back to his previous life. New challenges come on his way and it is time for another fight.

পিটার পার্কার গৃহযুদ্ধের শেষে জার্মানি থেকে বাড়ি ফিরে আসে। যুদ্ধে সক্রিয় ভূমিকা পালন করে খুব খুশি পিটার। নিজের অতিমানবীয় ক্ষমতা সম্পর্কেও সে যথেষ্ট ওয়াকিবহাল। তার নতুন পরামর্শদাতা টনি স্টার্ক। পিটার নিজের স্পাইডারম্যান সত্তা ভুলে তার পুরোনো জীবনে ফিরতে চায়। কিন্তু তার জীবনে আবার বিপদ ঘনিয়ে আসে। আবার তাকে লড়াইয়ের জন্য প্রস্তুতি নিতে হয়।

# Director



Leif Lindblom



## The Pinchers' High Voltage Heist

Sweden | 2023 | 91 min

Pincher's Family is not like usual families. They are involved in robbery but also look after the benefit of people. The unusual act of this family isn't accepted by Ture, the son of this family. His parents accept their son's wish and leave robbery. The life that they started to live has now become boring.

পিঞ্চের পরিবার ঠিক অন্যদের মতো নয়। তারা যেমন ডাকাতি করে, সেরকম আবার মানুষের উপকারও করে। কিন্তু ছেলে টোরে বাবা-মায়ের এই কার্যকলাপ একেবারেই পছন্দ করে না। মূলত তার খুশির জন্যই টোরের বাবা-মা চুরি-ডাকাতি করা ছেড়ে দেয় এবং ঠিক করে, এখন থেকে তারা সৎপথে চলবে। কিন্তু কিছুদিন পরেই তারা বুঝতে পারে যে এরকম জীবন ভারী একঘেয়ে।

# Director



Veit Helmer



## Akiko: The Flying Monkey

Germany | 2025 | 70 min

When young monkey Akiko escapes from the zoo, he embarks on an adventurous and joyful journey, forming an unlikely alliance with an eagle, a raccoon and a chameleon. Together they will help Akiko to reunite with his family and help free all the animals in the city.

ছোট্ট বাঁদর আকিকো চিড়িয়াখানা থেকে পালিয়ে এক মজাদার অভিযান শুরু করে। তার সঙ্গে আলাপ হয় এক ইগল, একটি র‍্যাকুন ও এক গিরগিটির সঙ্গে। তাদের মধ্যে গড়ে ওঠে এক মজাদার বন্ধুত্ব। সবাই মিলে তারা আকিকোকে সাহায্য করে তার নিজের পরিবারের কাছে ফিরে যেতে এবং শহরের সব পশুকে মুক্ত করতে।

# Director



Spike Jonze



## Where the Wild Things Are

USA | 2009 | 101 min

Feeling misunderstood, Max sails away to an island filled with giant hairy monsters called Wild Things. Surprise—they crown him King! Max starts a loud, crazy "wild rumpus," but he quickly learns that being the boss is actually pretty tough. Will he stay their King forever, or is there something better waiting for him back home?

সামান্য ভুল বোঝাবুঝির জেরে ম্যাক্স এক অজানা দ্বীপে পাড়ি দেয়। সেখানে থাকে বিশাল বিশাল লোমশ দৈত্য, যাদের নাম 'ওয়াইল্ড থিং'। অবাক কাণ্ড যে তারা ম্যাক্সকেই নিজেদের রাজা বানায়। তাদেরকে নিয়ে ম্যাক্স দারুণ হইহল্লা শুরু করে। কিন্তু সে খুব তাড়াতাড়িই বুঝতে পারে, সবার নেতা হওয়াটা বেশ কঠিন কাজই। ম্যাক্স কি চিরকাল এই দৈত্যদের রাজা হয়েই থাকবে, নাকি তার জন্য বাড়িতে আরও ভালো কিছু অপেক্ষা করছে?



## Ema & Chocolandia

Bulgaria | 2025 | 92 min

Ema and her favourite book Chocolandia form the main point of interest in this film. Her family is an extremely jovial one and always has some kind of celebration or the other. Her grandfather is often seen with an elephant which belonged to the zoo. Her uncle's lad, fights with a hippopotamus as well as with the cats, dogs, snakes and maynas. This film is a fun filled one, expressing the joys of life.

ছোট্ট মেয়ে এম্মা ও তার প্রিয় বই চকোল্যান্ডিয়াকে কেন্দ্র করে গড়ে উঠেছে এই ছবির গল্প। এম্মার পরিবারে সব সময় হুল্লোড় আর মজা, আর আছে মজাদার অদ্ভুত সব চরিত্রের সমাহার। তার দাদু চিড়িয়াখানার এক হাতিকে সঙ্গে নিয়ে ঘোরে, খুড়তুতো ভাই মারপিট করে কৃত্রিম জলহস্তীর সঙ্গে। এ ছাড়াও আছে সাপ, ময়না, বেড়াল, কুকুর, এবং ভয়ংকর মাশরুমের জুস। সব কিছু মিলিয়ে এক মজার গল্প বলে এই ছবি।

# Director



Shuang Wu



## Summer Diary

China | 2022 | 90 min

Shao-Hai, a teenager, lives with his father in a desert province of China. Life in the desert slowly begins to feel dull to him. Secretly, he sets off for the city to search for his mother and to work on his summer project. In his journey, he meets Yuan-Yuan. Coming into contact with this new and unfamiliar person, his life takes a turn in a fresh direction.

কিশোর শাও-হাই চিনের এক মরুপ্রদেশে বাবার সঙ্গে বাস করে। এই মরুজীবন তার কাছে ক্রমশ একঘেয়ে হয়ে ওঠে। সে তা মায়ের খোঁজে এবং গ্রীষ্মকালের প্রোজেক্ট নির্মাণের জন্য গোপনে শহরের দিকে যাত্রা করে। কিন্তু সেখানে ট্রাফিক খুবই বিরক্তিকর। ঘটনাচক্রে তার সঙ্গে আলাপ হয় য়ুয়ান-য়ুয়ানের। এই অচেনা-অজানা ব্যক্তির সংস্পর্শে এসে তার জীবন এক নতুন দিকে মোড় নেয়।

# Director



Arash Moayerin



## Bamboolak

Slovenia | 2024 | 118 min


Grandpa Bambala Khan lives happily with his grandson Bamboolak and granddaughter Nanah. Nanah dreams of having another sister or brother. Bambulak sets out to make her wish come true. But his main obstacle becomes the tricky Shatunak. This is a heartwarming picture filled with laughter, fun, and adventure.

নাতি বাম্বুলাক এবং নাতনি নানাকে নিয়ে দাদু বাম্বালা খানের সুখের সংসার। নাতনি নানার স্বপ্ন তাদের আর-একটি বোন বা ভাইয়ের। বাম্বুলাক সেই স্বপ্ন পূরণ করতে অগ্রসর হয়। কিন্তু তার প্রধান বাধা হয়ে দাঁড়ায় শাতুনাক। হাসি-মজা-অ্যাডভেঞ্চারসমৃদ্ধ এক মনোমুগ্ধকর ছবি এটি।

# Director



Majid Majidi



## Children of Heaven

Iran | 1997 | 99 min

Little Ali accidentally loses his sister Zahra's only pair of shoes. This sets off a secret, high-stakes adventure between the two siblings! Sharing a single pair of worn-out sneakers, they embark on a breathless relay through the narrow alleys of Tehran. The siblings have to race against the clock to reach school on time. As Ali enters a race, will he be able to win a brand-new pair of shoes for his sister? This gripping tale resonates with audiences of all ages.

ছোট্ট আলি ভুল করে হারিয়ে ফ্যালে বোন জাহরার একমাত্র জুতোজোড়া। তখন শুরু হয়ে যায় ভাইবোনে মিলে এক দারুণ লুকোচুরির কাণ্ড! একজোড়া পুরোনো জুতো পালাবদল করে পরেই, তেহরানের অলিগলি দিয়ে চলে তাদের ঊর্ধ্বশ্বাস দৌড়। উদ্দেশ্য একটাই, সময়মতো স্কুলে পৌঁছোনো। আলি কি শেষমেশ ম্যারাথন প্রতিযোগিতায় জিতে জাহরার জন্য একজোড়া ঝকঝকে নতুন জুতো নিয়ে ফিরতে পারবে? নিশ্বাস বন্ধ করে বসে দেখা এই ছবি মন ছুঁয়ে যায় বয়সে বড়ো-ছোটো সবার।

# Director



Guy Ritchie



## Sherlock Holmes

Germany/USA | 2009 | 128 min

A series of scary murders spread fear across London. The famous detective Sherlock Holmes and his best friend, Dr. Watson, quickly discover the killer is a man named Lord Blackwood, who is obsessed with dark magic. But Blackwood has a much bigger, more dangerous plan. The mystery deepens when Blackwood appears to come back from the dead. Now Holmes and Watson must race against time, facing dark secrets and puzzling new inventions, to stop him.

লন্ডন জুড়ে একের পর এক ভয়ংকর খুনে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। বিখ্যাত গোয়েন্দা শার্লক হোম্‌স আর তার ঘনিষ্ঠ বন্ধু ডাক্তার ওয়াটসন দ্রুতই খুঁজে বের করে খুনির পরিচয়। লোকটা লর্ড ব্ল্যাকউড নামের এক অন্ধকার জাদুবিদ্যার নেশায় মেতে-থাকা মানুষ। কিন্তু ব্ল্যাকউডের আসল পরিকল্পনা আরও অনেক বড়ো এবং ভয়ানক। রহস্য ঘনীভূত হয়, যখন ব্ল্যাকউড মৃত্যু থেকে আবারও ফিরে আসে। এবার অন্ধকার রহস্য আর অদ্ভুত সব যন্ত্রের জগতে ঢুকে, সময়ের বিরুদ্ধে দৌড়ে তাকে থামাতে হবে হোম্‌স ও ওয়াটসনকে।

# Director



Grigoriy Vozhakin



## Detective Chirp and the Golden Beehive

Russia | 2022 | 92 min

On the annual feast of The Honey Hills, the symbol of fortune 'The Golden Beehive' gets stolen. The dwellers were taken aback. In this entire incident, detective Chirp's assistant Sophie, the squirrel is convicted. Now, Chirp starts his investigation to find the one guilty behind it.

হানি হিলসের বাৎসরিক উৎসবের দিন হারিয়ে যায় শহরের সৌভাগ্যের প্রতীক 'দ্য গোল্ডেন বিহাইভ'। হতচকিত হয়ে যায় নগরের বাসিন্দারা। দোষ পড়ে স্থানীয় গোয়েন্দা প্যাঁচা চার্পের সহকারী কাঠবেড়ালি সোফির ওপর। গোয়েন্দা প্যাঁচা চার্প এই চুরির তদন্ত শুরু করে। সে কি পারবে প্রকৃত দোষীকে ধরতে?

# Director



Alain Gagnol



Jean Loup Felicioli



## Nina and the Tales of Hedgehog

France | 2022 | 78 min

The story deals with the themes of courage and hope. The hedgehog bed time stories of Nina's father have enchanted her since childhood. Nina loses her carefree nature when her father loses his job. Having had to support their family, Nina and her best friend Mehdi embark on a journey full of adventure and courage to find a treasure that belonged to the factory owner.

শিশুকাল থেকেই নিনা তার বাবার মুখ থেকে হেজহগের গল্প শুনে মুগ্ধ হত। হঠাৎই নিনার বাবার চাকরি চলে যায়। এবার পরিবারের ভরণপোষণ হবে কী করে? প্রাণোচ্ছল স্বভাবের নিনা মুষড়ে পড়ে। সাহস ও আশায় ভর করে সে ও তার বন্ধু এক অভিযানে বেরোয়। তাদের লক্ষ্য নিনার বাবার ফ্যাক্টরির মালিক। কারণ তার কাছে আছে প্রচুর ধনসম্পদ।

# Director



Julien Chheng



Jean Christopher



## Ernest and Celestine: A Journey in Charabia

France | 2021 | 81 min


A musical odyssey is experienced in this tale of Ernest and Celestine. The journey of Ernest and Celestine to Charabia, Ernest's homeland to repair his violin sets them to new problems. They discover that music has been banned for years. Their main aim now is to restore music, joy and freedom to the land of bears making them feel the true essence of music.

আর্নেস্ট ও সেলেস্টিনের এক সুরে ভরা অভিযানের গল্প এটি। বেহালা সারাতে সেলেস্টিনকে সঙ্গে নিয়ে আর্নেস্ট পাড়ি দেয় তার জন্মভূমি চ্যারাবিয়ার উদ্দেশে। পৌঁছে বুঝতে পারে, সেখানে বছর বছর ধরে গানবাজনাই নিষিদ্ধ! ভল্লুকদের ওই দেশে হারিয়ে-যাওয়া সুর, আনন্দ আর স্বাধীনতা ফিরিয়ে আনাই এখন এই দুই বন্ধুর আসল লক্ষ্য। সংগীতের জাদুকরি ছোঁয়ায় তারা কি সেটা পারবে?

# Director




Amandine Fredon Benjamin Massoubre



## Little Nicholas–Happy as Can Be

France | 2022 | 86 min

A tale of friendship, innocence and a touch of gentle humour is what brings the character of Little Nicholas into life. A talented as well as mischievous duo through the art of ink makes magical things and brings them to the creator world, making it everyone's favourite.

